

আল কুরআন
অনন্ত করুণাময় পরম দয়ালু
আল্লাহর নামে আরম্ভ করছি
.....
কোন কোন আহলে কিতাব এমনও
রয়েছে, তোমরা যদি তাদের কাছে
বহু ধন-সম্পদ আমানত রাখ
তাহলেও তা তোমাদের যথারীতি
পরিশোধ করবে।

সূরা আল ইমরান ৭৪

দৈনিক

কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

নতুন আঙ্গিকে, অত্যাধুনিক প্রযুক্তিতে
বিশ্বমানবের সিমেন্ট

গ্ৰ্যান্ডব্রদার সিমেন্ট
ইস্রাইলের মরহুত গৌরব



সেবা : ০১৯১০০৬৬৫৫৫, ০১৭১১০২৭৭০৪

বরিশাল ৥ শনিবার ৥ ১২ সেপ্টেম্বর ২০২৬ ৥ ২৯ রবিঃ আউঃ ১৪৪৮ ৥ ২৯ ভাদ্র ১৪৩৩ ৥ ৯ম বর্ষ ৥ ৯৯ সংখ্যা ৥ ৪ পৃষ্ঠা ৥ ৫ টাকা



ফিল্ড ফায়ারিংয়ে আহত সেনা কর্মকর্তার খোঁজ নিলেন প্রধানমন্ত্রী
কীর্তনখোলা ডেস্ক
চট্টগ্রামের হাটহাজারীতে ফিল্ড ফায়ারিং অনুশীলনের সময় ট্যাংক থেকে গোলাবর্ষণকালে আকস্মিক দুর্ঘটনায় গুরুতর ২ এর পাতায় দেখুন



জাতি এখন সবচেয়ে বড় সংকটে আছে: ডা. শফিকুর রহমান
কীর্তনখোলা ডেস্ক
জাতির সংকটের কথা তুলে ধরে জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান বলেছেন, এই জাতি এখন সবচেয়ে ২ এর পাতায় দেখুন



প্রধানমন্ত্রী-স্বরাষ্ট্রমন্ত্রী চান বলেই আলীগের মিছিল: সারজিস
কীর্তনখোলা ডেস্ক
জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) উত্তরাঞ্চলের মুখ্য সংগঠক সারজিস আলম বলেছেন, প্রধানমন্ত্রী এবং স্বরাষ্ট্রমন্ত্রী ২ এর পাতায় দেখুন



হজ কার্যক্রমে অংশ নিতে অনুমতি পেল ৭০২ এজেলি
কীর্তনখোলা ডেস্ক
আগামী বছর (২০২৭ সাল) হজ কার্যক্রমে অংশ নিতে? এ পর্যন্ত মোট ৭০২টি এজেলিকে অনুমতি দিয়েছে সরকার। ২ এর পাতায় দেখুন

সাংবাদিক পুলক চ্যাটার্জির

ঝুলন্ত মরদেহ উদ্ধার

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালের জ্যেষ্ঠ সাংবাদিক পুলক চ্যাটার্জির (৫৭) ঝুলন্ত মরদেহ উদ্ধার করেছে পুলিশ। গুজুবার সন্ধ্যায় নগরীর পার্যারা রোডের দৈনিক সমকালের ব্যুরো অফিস থেকে তার মরদেহটি উদ্ধার করা হয়। এ

তথ্য নিশ্চিত করেছেন কোতোয়ালি মডেল থানার ওসি আল মামুন উল ইসলাম। তিনি স্ত্রী ও এক কন্যাসন্তান প্রেমে গেছেন। পুলক চ্যাটার্জি দীর্ঘদিন দৈনিক সমকাল ও দৈনিক যুগান্তরে ব্যুরো প্রধান হিসেবে কাজ করেছেন। এছাড়া তিনি বরিশাল প্রেসক্লাবের সাবেক সাধারণ সম্পাদক। দৈনিক সমকালের বর্তমান অফিসপ্রধান সুমন চৌধুরী বলেন, পুলক চ্যাটার্জি তার স্ত্রীর ফোন ধরাছিলেন না বলে বিষয়টি পুরাকের স্ত্রী আমাকে জানান। এরপর সন্ধ্যায় আমি সমকাল অফিসে আসি। তখন অফিসের প্রবেশের দরজা ভেঙার থেকে আটকানো দেখতে পাই। পরে দরজার ফাঁক দিয়ে পুলক চ্যাটার্জিকে ঝুলন্ত অবস্থায় দেখে পুলিশে জানানো হয়। পুলিশ এসে দরজা ভেঙে প্রবেশ করে তার মরদেহ উদ্ধার করে।



পুলক চ্যাটার্জি সর্বশেষ দৈনিক সমকালের বরিশাল ব্যুরো প্রধান ছিলেন। প্রায় তিন বছর আগে সমকাল থেকে চাকরি চলে যাওয়ার পর থেকেই তিনি মানসিকভাবে বিপর্যিত অবস্থায় ছিলেন। জ্যেষ্ঠ সংবাদকর্মী ও সাবেক ব্যুরো প্রধান হিসেবে মাঝেমধ্যেই তিনি সমকাল অফিসে এসে বসতেন এবং পত্রিকা পড়তেন। সমকালের বর্তমান অফিসপ্রধান সুমন চৌধুরী জানান, সাবেক ব্যুরো প্রধান ও জ্যেষ্ঠ সংবাদকর্মী হিসেবে পুলক চ্যাটার্জির অনুরোধের পরিত্রেক্ষিত অফিসে ঢোকার একটি চাবি তাকে দেওয়া হয়েছিল। গুজুবার দিনের কোনো একসময় ওই চাবি দিয়ে অফিসে ঢুকে তিনি আত্মহত্যা করেছেন বলে ধারণা করা হচ্ছে। ঘটনার সময় দৈনিক সমকালের পিয়ন দীপক অফিসে ছিলেন না। তিনি ছুটিতে ছিলেন। তাই পুরো অফিসে পুলক চ্যাটার্জি ছাড়া আর কেউ ছিলেন না। কোতোয়ালি মডেল থানার ওসি আল মামুন উল ইসলাম জানান, পুলিশ খবর পেয়ে দ্রুত মরদেহ উদ্ধার করেছে। তবে মৃত্যুর প্রকৃত কারণ এখনো নিশ্চিতভাবে ২ এর পাতায় দেখুন

‘বাংলাদেশের খাবার মানেই ভেজাল, এই ধারণাই বড় চ্যালেঞ্জ’

কীর্তনখোলা ডেস্ক

খাদ্য প্রক্রিয়াজাতকরণ খাতের সবচেয়ে বড় ও বিব্রতকর চ্যালেঞ্জগুলোর একটি হচ্ছে খাদ্যে ভেজাল ও নকল খাবার। পাশাপাশি জনপ্রিয় ব্র্যান্ডের পণ্য নকল করে বাজারজাত, আইনের অসং ব্যবহার এবং অতিরিক্ত মূল্যাহার জন্ম খাদ্যে ভেজাল দেওয়ার প্রবণতাও এ খাতের জন্য বড় সমস্যা হয়ে দাঁড়িয়েছে বলে জানিয়েছেন সংশ্লিষ্টরা। রাজধানীর ইন্টারন্যাশনাল কনভেনশন সিটি বসুন্ধরায় (আইসিসিবি) বাংলাদেশ অ্যাসোসিয়েশনের (বাপা) ফুডপ্রো ইন্টারন্যাশনাল এক্সপোর ১১তম আসরে ‘বাংলাদেশ ফুড ইভান্টুই: চ্যালেঞ্জস্ অ্যান্ড ওয়ে ফরওয়ার্ড’ শীর্ষক টেকনিক্যাল সেশনে এসব কথা উঠে আসে। সেশনে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগের অধ্যাপক ড. ইকবাল রউফ মামুন। তিনি বলেন, খাদ্য প্রক্রিয়াজাতকরণের সবচেয়ে বড় এবং ২ এর পাতায় দেখুন

ঢাকা-বরিশাল মহাসড়কে দুর্ঘটনায়

দুই মোটরসাইকেল চালক নিহত

গৌরনদী প্রতিনিধি

ঢাকা-বরিশাল মহাসড়কের গৌরনদী উপজেলার দক্ষিণ বিজয়পুর ও কটকস্থল এলাকায় পৃথক সড়ক দুর্ঘটনায় দুই মোটরসাইকেলচালক নিহত হয়েছেন।



আসাদুল গুরুতর আহত

উত্তর চিকিৎসার জন্য বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে।

অপর দিকে ২ এর পাতায় দেখুন

আসাদুল গুরুতর আহত



উত্তর চিকিৎসার জন্য বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে।

অপর দিকে ২ এর পাতায় দেখুন

গুচ্ছ ভর্তি

পরীক্ষার নেতৃত্বে এবার পবিত্রখি

দুমকি প্রতিনিধি

বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের সমন্বয়ে অনুষ্ঠিতব্য সাধারণ, বিজ্ঞান ও প্রযুক্তি (জিএসটি) গুচ্ছ ভর্তি পরীক্ষা আয়োজনের দায়িত্ব পেয়েছে পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (পবিত্রখি)। আগের ২১টির পাশাপাশি নতুন করে আরও তিনটি গুচ্ছভুক্ত হয়ে পরীক্ষায় অংশ নেওয়া বিশ্ববিদ্যালয়ের সংখ্যা বাড়তে পারে। ঢাকায় অনুষ্ঠিত জিএসটি গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়গুলোর উপাচার্যদের সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। সভায় ভর্তি পরীক্ষা আয়োজনসহ গুচ্ছ ভর্তি কার্যক্রমের বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হয়। পরিপ্রস্তর উপাচার্য অধ্যাপক ড. এসএম হেমায়েত জাহান বিষয়টি নিশ্চিত করে জানান, এবারের জিএসটি গুচ্ছ ভর্তি পরীক্ষা আয়োজনের দায়িত্ব পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়কে দেওয়া হয়েছে। ভর্তি পরীক্ষার তারিখ, আবেদন প্রক্রিয়া, পরীক্ষার কেন্দ্র ও অন্যান্য আনুষঙ্গিক ৩ এর পাতায় দেখুন বিষয় আগামী

চিফ হুইপ নূরুল ইসলাম মনি

দেশকে এগিয়ে নিতে বরিশাল অঞ্চলের

অপার সম্ভাবনাকে কাজে লাগাতে হবে

কীর্তনখোলা রিপোর্ট

বাংলাদেশ জাতীয় সংসদের চিফ হুইপ নূরুল ইসলাম মনি বলেছেন, সাগর, নদী, মাছ, গ্যাস, খনিজ সম্পদসহ প্রাকৃতিক সম্পদে পরিপূর্ণ একটি অঞ্চল বরিশাল। বলতে গেলে আমরা ডায়মন্ড খনির ওপর বসে আছি। অর্থনৈতিকভাবে দীর্ঘদিন পিছিয়ে থাকা এই অঞ্চলে রয়েছে অপার সম্ভাবনা। দেশকে এগিয়ে নিতে বরিশাল অঞ্চলের এই সম্ভাবনাকে কাজে লাগাতে হবে। গুরুবীর সৎসদ ভবনের এলডি হলে বরিশাল ডিভিশনাল জার্নালিস্ট অ্যাসোসিয়েশন (বিভিজিএ), ঢাকা অ্যোজিভ ‘আগামীর বরিশাল: সম্ভাবনা ও করণীয়’ শীর্ষক জাতীয় সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সেমিনারে প্রধান আলোচক হিসেবে তথ্য ও সম্প্রচারমন্ত্রী আনালিভ রহমান, পানিসম্পদ প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন আজাদ, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রী আহমদ সোহেল মনজুর এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান প্রতিমন্ত্রী নূরুল হুইপ নূরুল ইসলাম মনি অংশগ্রহণ করেন। ৩ এর পাতায় দেখুন

বরিশালের ইভার প্রেমে চীনা যুবক

বাংলাদেশে, ধর্ম পাণ্টে করলেন বিয়ে

বাকেরগঞ্জ প্রতিনিধি

প্রেমের টানে বাংলাদেশে এসেছে চীনা যুবক জিয়াং (৩৫)। ধর্ম পাণ্টে বরিশালের বাকেরগঞ্জ উপজেলার রুশ্বাী ইউনিয়নের ফলাঘর গ্রামের জাকির হাওলাদার কন্যা জালাতুল ইসলাম ইভা নামের তরুণীকে বিয়ে করেছেন তিনি। জিয়াং চীনের জিয়াংসি প্রদেশের ইছুন শহরের বাসিন্দা। জালাতুল ইসলাম ইভা জানান, ২০২৪ সালে মোবাইল কনোর জন্য ঢাকায় বসুন্ধরা যাই। সেখানে

সেখানে চীনা নাগরিকের সাথে পরিচয় হয়। জিয়াংকে সাথে নিয়ে আমার বাবার গ্রামের বাড়ি

আমিও মোবাইল ফোনের মাধ্যমে জিয়াং এর সাথে

তারা আমাকে পরিচয় করিয়ে দেয়। এরপর জিয়াং এর সাথে আমার ইউ চ্যাটিংয়ের মাধ্যমে যোগাযোগ

গুরু হয়। পরিচয়ের পর তার সাথে আমার প্রেমের সম্পর্ক গড়ে ওঠে। এরপর প্রায় দেড় বছরের

সম্পর্কের পর গত ৩

আগস্ট জিয়াং ঢাকাতে আসেন ওইদিনই তার

সাথে আমার প্রথম

দেখা হয়। পরদিন ৪

আগস্ট আইন অনুযায়ী

নোটারি পাবলিকের

মাধ্যমে ধর্ম পরিবর্তনের

একিডেভিট করেন

তিনি। পরে রেজিস্ট্রি

কানুনমূলে আমার

কন্যার চীনা নাগরিকের সাথে পরিচয় হয়।

কিছুদিন আগে ঢাকা থেকে

জিয়াংকে সাথে নিয়ে আমার বাবার গ্রামের বাড়ি

আমিও মোবাইল ফোনের মাধ্যমে জিয়াং এর সাথে

বাজারে তেলের সংকট কাটেনি

বেড়েছে আটা-ময়দার দাম

কীর্তনখোলা ডেস্ক

দাম বাড়ানোর পরও বাজারে স্বাভাবিক হয়নি সয়াবিন তেলের সরবরাহ। রাজধানীর অনেক মুদি দোকানেই মিলছে না পর্যাপ্ত বোতলজাত সয়াবিন তেল। চাহিদা মত তেল না দেওয়ার অভিযোগ জানিয়েছেন বিক্রেতারা। মুদি দোকানিদের অর্থাৎ বলছেন, অর্ডার দিয়েও

তেল পেয়ে কয়েকদিন অপেক্ষা করে হচ্ছে। গুরুবীর (১১ সেপ্টেম্বর) রাজধানীর বিভিন্ন খুচরা বাজার ঘুরে ত্রেতা-বিক্রেতাদের সঙ্গে কথা বলে এসব তথ্য জানা গেছে। মুদি দোকানি তামিম বলেন, অভাব দিনেও তেল দেয় না কোম্পানি। দোকানে কোনো সয়াবিন তেল নেই। তেল না পেয়ে ফিরে

কারিগরি ত্রুটিতে আদানির এক

ইউনিট বন্ধ, বাড়ছে লোডশেডিং

কীর্তনখোলা ডেস্ক

কমলা সংকট কাটিয়ে উৎপাদন বাড়ানোর পর ফের কারিগরি ত্রুটির কারণে বন্ধ হয়ে গেছে আদানির বিদ্যুৎকেন্দ্রের একটি ইউনিট। এতে কেন্দ্রটির বিদ্যুৎ উৎপাদন উল্লেখযোগ্যভাবে কমে গেছে। ফলে জাতীয় গ্রিডে সরবরাহ ঘাটতি তৈরি হওয়ায় দেশের বিভিন্ন এলাকায় লোডশেডিং বেড়েছে। বিদ্যুৎ

উন্নয়ন বোর্ড (পিডিবি) ও পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ (পিজিসিবি) সূত্রে জানা গেছে, ঝড়ের কারণে কমলা সরবরাহে বিদ্যুৎ ঘটায় গত ৭ আগস্ট থেকে আদানির বিদ্যুৎকেন্দ্রে উৎপাদন কমেতে শুরু করে। প্রায় এক মাস ধরে সীমিত উৎপাদনের পর গত মাসের শেষ দিকে কেন্দ্রটি ধীরে ধীরে উৎপাদন ব্যাভাতে শুরু



মিয়ানমারে পাচারের সময় ৬৫

বস্তা সিমেন্ট জঙ্ক, আটক ৫

ভোলা প্রতিনিধি

মেননা নদীতে অভিযান চালিয়ে মিয়ানমারে পাচারের উদ্দেশ্যে নেওয়া বিপুল পরিমাণ সিমেন্ট জঙ্ক করেছে কোস্ট গার্ড। এ সময় পাচারকাণ্ডে ব্যবহৃত ২টি বোটসহ জড়িত থাকার অভিযোগে ৫ জনকে আটক করা হয়েছে। আটককৃতরা হলেন মো. শাহাদাত হোসেন (৪০), মো. ফোরকান (৪৭), মো. হারুন আর রশিদ ৩ এর পাতায় দেখুন

দ্বিতীয় স্ত্রীকে ভাগিয়ে নেয়ার জের

ধরে ভ্যানচালককে কুপিয়ে হত্যা

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালকে বাকেরগঞ্জ উপজেলার ভান চালককে কুপিয়ে হত্যার অভিযোগ উঠেছে এক যুবদল কর্মীর বিরুদ্ধে। নিহত সুমন সিকদার (৩৮) উপজেলার কালেকরকটী গ্রামের মৃত আদম আলী সিকদারের ছেলে। নিহত সুমনের ছোট বউর সাথে পরকীয়ার জের ধরে এই হত্যাকাণ্ড সংঘটিত হয় বলে স্থানীয় ২ এর পাতায় দেখুন

শত শত শিক্ষকের শিক্ষক, দক্ষিণ বাংলায় প্রচলিত বাংলা ভাষাপ্রতিষ্ঠান বরিশাল সরকারি ব্রাহ্মচর্য কলেজ, বাংলাদেশ বিজ্ঞানের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশ মন্ত্রণালয় শিক্ষাবোর্ডের সাবেক পরীক্ষা নিয়ন্ত্রক

অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা





উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির

বাংলা ব্যাকরণ ও নির্মিতি

বইটি অনন্য

বইটি প্রস্তুতকারকের ভিত্তিতে সচিব, শ্রী উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নথ্য প্রাপ্তিতে সহায়ক সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়সহ বিদ্যেচর প্রধান পরীক্ষক, সরকারি আশুপাড়া কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সূচনালী গ্রন্থ প্রণেতা

পথিক মোস্তফা (এমফিল, ইবি)

বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:

01718246162, 01712189338, 01712926836

গদ্য প্রকাশন, বরিশাল

বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে

বুক ভিল্লা
সমসি সেন্ট, বরিশাল
01932-314219

ইসলামিয়া লাইব্রেরি
কারাগারের, দক্ষিণ বোর্ড, বরিশাল
01711-264963

অংকুর লাইব্রেরি
সমসি সেন্ট, বরিশাল
01708-868515

অংকুর লাইব্রেরি
সমসি সেন্ট, বরিশাল
01708-868514

বরিশাল লাইব্রেরি
সমসি সেন্ট, বরিশাল
01711-47767

নিউ মাহবুব লাইব্রেরি
সমসি সেন্ট, বরিশাল
01763-107720

রহমান বুক হাউজ
কারাগারের, দক্ষিণ বোর্ড, বরিশাল
01718-670945

মজুমদার লাইব্রেরি
দক্ষিণ বোর্ড, বরিশাল
01716-139268

অমৃত লাইব্রেরি
হুইপ লাই ও কারাগারের, দক্ষিণ বোর্ড, বরিশাল
01719-408049

নিউ কলেজ লাইব্রেরি
হুইপ লাই ও কারাগারের, দক্ষিণ বোর্ড, বরিশাল
01726-074663

হুক লাইব্রেরি
হুইপ লাই ও কারাগারের, দক্ষিণ বোর্ড, বরিশাল
01724-851658

আশরাফিয়া লাইব্রেরি
হুইপ লাই ও কারাগারের, দক্ষিণ বোর্ড, বরিশাল
01717-468083

মহাসদস্য ডিজিটাল প্রতারণা

প্রযুক্তির উৎকর্ষের এই যুগে কৃত্রিম বুদ্ধিমত্তার (এআই) ব্যবহার বেড়েই চলেছে। চাকরির ক্ষেত্র থেকে শুরু করে ব্যবসা-বাণিজ্য, এমনকি দৈনন্দিন অনেক কাজই সহজ করে দিয়েছে এআই, একইভাবে সময়ও কমিয়ে দিয়েছে। সংগত কারণেই অনেকে এআইনির্ভর হয়ে পড়ছে। অন্যদিকে একটি চক্র এই উন্নত প্রযুক্তিকেই বানিয়েছে প্রতারণার হাতিয়ার। বাংলাদেশসহ বিশ্বের নানা দেশে প্রতারণকা এআই ব্যবহার করে সাধারণ মানুষকে ফাঁদে ফেলেছে। প্রকাশিত খবরে জানা গেছে, কক্সবাজারে অন্তত ৩০০ সদস্যের চীনা প্রতারকচক্র বড় ধরনের ফাঁদ পেতেছিল। তাদের চার্গেটে ছিলেন চীন, দক্ষিণ কোরিয়া ও ভিয়েতনামের পূজিবাজারের ক্ষুদ্র বিনিয়োগকারীরা। শুধু তা-ই নয়, চক্রটির নজর বাংলাদেশের পুজিবাজারের দিকেও ছিল। স্বস্তির কথা হলো, পুলিশের চৌকস ভূমিকায় ওই চক্রের পরিকল্পনা ফাঁস হয়ে যায়। এরই মধ্যে কক্সবাজারে ওই চক্রের বিরুদ্ধে মামলাও করা হয়েছে। খবরে বলা হয়েছে, চীনা চক্রটি কক্সবাজারে হোটেল অভ্য্র করে প্রতারণার জাল ছড়িয়েছিল। কক্সবাজারে রিসোর্টে চক্রটি ডিজিটাল আধুনিক ল্যাব স্থাপন করেছিল। তারা সামাজিক মাধ্যমে নানাভাবে আস্থা তৈরির কাজ করছিল। চক্রের পক্ষ থেকে বলা হতো, বিনিয়োগ করলে বিপুল মুনাফা পাওয়া যাবে। তাদের কথায় আস্থা রেখে বিনিয়োগ করলে একসময় সর্বত্র নিশ্বেশ হয়ে যেত। জানা গেছে, শুধু কক্সবাজার নয়, দেশের বিভিন্ন স্থানে ছড়িয়ে আছে চক্রটির নেটওয়ার্ক। পুলিশের তথ্য অনুযায়ী, এই প্রতারকচক্রের সঙ্গে সরাসরি জড়িত ৯৪ জন চীনা নাগরিকের সন্ধান পাওয়া গেছে। এ ছাড়া কক্সবাজার পুলিশ চক্রটির আরো অন্তত ২৯৫ জন চীনা নাগরিকের পাসপোর্ট নয়র সঞ্জহ করেছে। একটি রিসোর্টে আন্তর্জাতিক ডিজিটাল প্রতারকচক্রের ঘাঁটির সন্ধান পেয়ে পুলিশ সদস্যরা সেখানে অভিযান চালিয়ে অন্তত পাঁচ সদস্যকে গ্রেপ্তার করতে সক্ষম হন। বিশেষজ্ঞরা বলছেন, প্রযুক্তি আমাদের যেমন সুবিধা দিয়েছে, অন্য দিক বিবেচনায় নিলে ডিজিটাল দুনিয়ার নিরাপত্তা নিয়েও উদ্বেগ তৈরি হচ্ছে। অনেকের একটি বড় সমস্যা কাটো সামাজিক মাধ্যমে। আর প্রতারকরা সেখানেই ওত পেতে থাকে। মানুষের ব্যক্তিগত তথ্য হাতিয়ে নিয়ে জিম্মি করার ঘটনা ঘায়েশই ঘটছে। কিছুদিন আগে কালের কণ্ঠে প্রকাশিত খবরে বলা হয়েছে, ব্যাপসের মাধ্যমে স্বর্ণ দেওয়ার প্রলোভন দেখিয়েও অনেকের সঙ্গে প্রতারণা করা হচ্ছে। এ ছাড়া সাম্প্রতিক সময়ে অনলাইনে ছুরা ব্যাপক মাত্রায় ছড়িয়ে পড়েছে। সাইবার অপরাধীদের একটি বড় অংশ অনলাইন প্রতারণার সক্রিয়। জানা গেছে, জুয়ার ওয়েবসাইটবিশেষ ‘এমএফএস’ অ্যাকাউন্টের মাধ্যমে প্রতিদিন হাজার কোটি টাকার বেশি লেনদেন হয়। এর বেশির ভাগ অর্থ আন্তর্জাতিক চক্রের মাধ্যমে বিদেশে পাচার হয়ে যায়। এটি ঠিক যে আমাদের দেশের মানুষের মধ্যে ডিজিটাল নিরাপত্তা নিয়ে সচেতনতা কম। পাসওয়ার্ড, পিন কোডের মতো সাধারণ বিষয়ের সুরক্ষাজ্ঞানও অনেকের নেই। এই সুযোগও নিয়ে গবে প্রতারকচক্র। কাজেই ডিজিটাল প্রতারণা রোধে আইনের পাশাপাশি সাধারণ মানুষকেও সচেতন হতে হবে। আমরা মনে করি, কক্সবাজারে যে চীনা চক্রের সন্ধান পাওয়া গেছে, তাদের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ নিতে হবে। এই চক্রের সঙ্গে কে বা কারা জড়িত, সেসবের অব্যোপাশ বের করতে হবে। একই সঙ্গে দেশে ডিজিটাল প্রতারকদের চিহ্নিত করতে প্রযুক্তির সহায়তা নিয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। এ জন্য পুলিশের সহমতা আরো বাড়ানো প্রয়োজন।

হজ কার্যক্রমে অংশ নিতে

সর্বশেষ বৃহস্পতিবার (১০ সেপ্টেম্বর) সপ্তম পর্যায়ে প্রাথমিকভাবে যোগ্য ২২টি হজ এজেন্সির তালিকা প্রকাশ করেছে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়। এর আগে হয় দফায় ৬৮০টি এজেন্সিকে অনুমতি দেয় সরকার। তাঁর দেখা সাপেক্ষে আগামী বছরের ১৫ মে সৌদি আরবে হজ অনুষ্ঠিত হবে। বাংলাদেশের জন্য ৭৮ হাজার ৫০০ জনের কোটা নির্ধারণ করেছে সৌদি আরব। আগামী ২৪ সেপ্টেম্বর হজের নিবন্ধন শেষ হবে। নির্ধারিত সময়ের পর নিবন্ধনের সময় আর বাড়ানোর সুযোগ নেই বলে জানিয়েছে মন্ত্রণালয়। ধর্ম মন্ত্রণালয় জানিয়েছে, প্রকাশিত তালিকার কোনো এজেন্সি যৌক্তিক কারণ ছাড়া ২০২৭ হজ মৌসুমে হজযাত্রী নিবন্ধন (প্রাক-নিবন্ধন নয়) না করলে সেই এজেন্সির বিরুদ্ধে প্রশাননিক ব্যবস্থা নেওয়া হবে। হজযাত্রী নিবন্ধনের আগে যোগ্য তালিকাভুক্ত এজেন্সিগুলোকে পারস্পরিক সমন্বয়ের ভিত্তিতে নির্ধারিত সময়ের মধ্যে গ্রুপ (অ্যুভ্যালয়েস) গঠন করতে হবে। সৌদি সরকারের নির্ধারিত এজেন্সি প্রতি ন্যূনতম হজযাত্রীর কোটা কোনো এজেন্সি এককভাবে বা সমন্বয়ের মাধ্যমে পূরণ করতে পারলে সেই এজেন্সি বা লিড এজেন্সি সৌদি আরবে হজযাত্রী পাঠাতে পারবে। এজেন্সিগুলোকে ই-হজ সিস্টেমে যোগিত প্যাকেজ নির্ধারণ করে হজযাত্রী নিবন্ধন সম্পন্ন করতে হবে। এই প্যাকেজই হজযাত্রী ও এজেন্সির মধ্যে চুক্তিপত্র হিসেবে বিবেচিত হবে। প্যাকেজে সৌদি আরবে প্রদেয় সেবা, অবস্থানকাল, হোটেলের দরত্ব এবং প্যাকেজের মূল্য বাধ্যতামূলকভাবে উল্লেখ করতে হবে। এতদ্বাে এজেন্সিকে ন্যূনতম ৪৪ জন হজযাত্রী নিবন্ধন করতে হবে। অর্থাৎ একজন গাইডের জন্য নির্ধারিত সমসংখ্যক হজযাত্রী হলে এজেন্সিটি সমন্বয়ে অংশ নিতে পারবে। অন্যথায় লিড এজেন্সির আওতাধীন অন্য কোনো এজেন্সিতে হজযাত্রী স্থানান্তরের (ট্রান্সফার) মাধ্যমে তাদের হজ পালন নিশ্চিত করতে হবে। প্রতি ৪৪ হজযাত্রীর জন্য আরবি ভাষায় দক্ষ, তথ্যপ্রযুক্তি বিষয়ে জ্ঞানসম্পন্ন এবং হজ পরিচালনায় অভিজ্ঞ একজন হজ গাইড নিয়োগ দিতে হবে। ই-হজ সিস্টেমে গাইড যুক্ত করার সময় তার পাসপোর্টের তথ্য ও হজের অভিজ্ঞতার তথ্য দিতে হবে। অনিন্দিতভাবে কোনো ব্যক্তিকে হজযাত্রী হিসেবে সৌদি আরবে নেওয়া যাবে না। কোনো এজেন্সি এমন উদ্যোগ নিলে কারণ দর্শানোর সুযোগ ছাড়াই তাদের লাইসেন্স বাতিলসহ প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নেওয়া হবে। পরবর্তীতে কোনো এজেন্সি হালনাগাদ তথ্যসহ আবেদন করলে যাচাই-বাছাই শেষে তাদের নাম পরবর্তী যোগ্য তালিকায় প্রকাশ করা হবে। যোগ্যতালিকা প্রকাশের পর কোনো এজেন্সির বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত হয়ে শাস্তি দেওয়া হলে কারণ দর্শানোর সুযোগ ছাড়াই সেই এজেন্সির নাম তালিকা থেকে বাতিল হবে। এজেন্সিগুলোকে জুন ২০২৭ পর্যন্ত লাইসেন্স নবায়নের শর্তে যোগ্যতালিকায় অন্তর্ভুক্ত করা হয়েছে। যেসব এজেন্সির লাইসেন্সের মেয়াদ আগামী বছরের জুনের মধ্যে শেষ হবে, তাদের নির্ধারিত সময়ের মধ্যে নবায়নের আবেদন করতে হবে। এছাড়া প্রতিটি এজেন্সিকে হালনাগাদ হজ লাইসেন্স, ট্রাভেল লাইসেন্স, ট্রেড লাইসেন্স এবং আয়কর সনদ জমা দিয়ে টাকা হজ অফিসের পরিচালককে সঙ্গে চুক্তি স্বাক্ষর করতে হবে। যোগ্য তালিকাভুক্ত এজেন্সি ছাড়া অন্য সব এজেন্সির প্রাক-নিবন্ধন কার্যক্রম বন্ধ থাকবে। পরবর্তীতে যোগ্য তালিকায় অন্তর্ভুক্ত হলে সংশ্লিষ্ট এজেন্সির প্রাক-নিবন্ধন কার্যক্রম চালু হবে বলে শর্তে উল্লেখ করা হয়েছে।

প্রধানমন্ত্রী-স্বরাষ্ট্রমন্ত্রী চান

চান বদেই পতিত স্বৈরাচার নিষিদ্ধ (কার্যক্রম) আওয়ামী লীগ পরিচালিত দিতে পারে। শুক্রবার (১১ সেপ্টেম্বর) নিজের তেরিফায়ড ফেব্রুক আইডিতে দেওয়া এক স্ট্যাটাসে তিনি এ মন্তব্য করেন। এর আগে, এদিন দুপুর পৌনে ১১টার দিকে রাজধানীর গুলশান থানার ৩ নম্বর সড়কের কেএফসি-সংলগ্ন গলিতে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগ ও এর অঙ্গসংগঠনের ১৫০ থেকে ২০০ জন নেতাকর্মী জড়ো হয়ে মিছিল বের করেন। পরে পুলিশ তাদের হজ্রতস্ব অবস্থান করে মিছিলকারীরা পুলিশের দিকে কটকটলি নিক্ষেপ করেন। পরে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পুলিশ দুই রাউড রাবার বুলেট ছুড়ে মিছিলকারীদের হজ্রতস্ব করতে দেয় বলে জানান গুলশান থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো.

দাউদ হোসেন। পুলিশ এ সময় মিছিলে অংশ নেওয়া আরাক্ষাত ও আব্দুর রহিমকে গ্রেফতার করে। তাদের কাছ থেকে পাঁচটি তাজা ককটেল জব্দ করা হয়। মিছিলটি প্রায় ৩০ সেকেন্ড স্থায়ী ছিল জানিয়ে তিনি বলেন, এ ঘটনায় আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন। বর্তমানে গুলশান এলাকার আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে।

জাতি এখন সবচেয়ে

বড় সংকটে আছে। এই সংকট থেকে জাতিকে উত্তরণ করতেই হবে। আমাদের মধ্যে বহু ট্যালেন্ট আছে। বাট মোস্ট অফ দেম আর ইন্ডিল ট্যালেন্টস। আল্লাহর দেওয়া মেধার এই নিয়ামতকে মানবতার, সৃষ্টির এবং কল্যাণের জন্য না লাগিয়ে, এই স্বার্থপর, সংকীর্ণমনা লোকগুলো শুধু বৈধ অবৈধ সব পথে তার নিজের লাভটা খুঁজে বেড়ায়। শুক্রবার (১১ সেপ্টেম্বর) বাংলাদেশ ইসলামী ছাত্রশিবিরের উদ্যোগে আয়োজিত ‘রোড টু সিরাহ’ জাতীয় সিরাত পাঠ প্রতিযোগিতা ২০২৬-এর পুরস্কার প্রদান ও সাংস্কৃতিক সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। তিনি বলেন, আল্লাহকে সম্বলিত করার রাস্তা একটাই। আর তা হচ্ছে নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের নকশা কদম অনুসরণ। পায়ে পায়ে, অক্ষরে অক্ষরে তাকে অনুসরণ করে চলা। নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের জীবনকে অনুসরণীয় উল্লেখ করে তিনি বলেন, একজন শিশুকে যদি প্রশ্ন করা হয় বা একজন শিশু যদি প্রশ্ন করে যে আমি কাকে অনুসরণ করব? তার উত্তর হচ্ছে মা আমিনা এবং হালিমাভূতস সাদিয়া রাঈয়ান্নাহু আযোজিত ‘রোড টু সিরাহ’ মোহাম্মদ হচ্ছে তোমার অনুসরণী। তিনি আরও বলেন, তিনি অব্যুথ থাকা অবস্থায়ও দৃঢ় ভাইয়ের হক তিনি নষ্ট করেননি। কাউকে কষ্ট দেননি। মুখ দিয়ে একটি অশ্লীল কথা বলেননি। কারো হক নষ্ট করেননি। কিশোর বয়সের উদাহরণ তুলে ধরে ডা. শফিকুর রহমান বলেন, এরপরে যদি একজন কিশোরকে জিজ্ঞেস করা হয় বা কিশোর যদি জিজ্ঞেস করে যে আমি কাকে অনুসরণ করব? তাহলে মক্কার সেই শান্ত, সৌম, বুদ্ধিদীপ্ত, দায়িত্বশীল কিশোর মুহাম্মাদুর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি সাল্লামের কথাটা এখানে এসে যাবে। তিনি বলেন, কাবায়র মোরামতের পর পাথর, কাশো পাথর, হাজারে আসওয়াদ এটা প্রতিস্থাপন নিয়ে যে সংকট দেখা দিয়েছিল, সেখানে রক্তক্ষয়ী যুদ্ধের আশঙ্কা চারটা কবিরান মধ্যে দেখা দিয়েছিল। তার নিখুঁত সমাধান ইনসাফপূর্ণ সমাধান দিয়েছিলেন সেই কিশোর মোহাম্মদ ইবনে আব্দুল্লাহ। তিনি বলেন, আল্লাহ তাআলা এভাবেই তাকে শৈশব, কৈশোর, যৌবন এই সবকালতে নিয়ামত পড়া আখলাক দিয়ে তাকে সৌন্দর্যবস্তিত করেছিলেন। মহাবাহী (সা.)-এর জীবনের নানা প্রতিকূলতার কথা তুলে ধরে তিনি বলেন, ‘আমরা সবাই জানি জনগণতভাবেই তিনি এটিম ছিলেন। জন্মের আগেই পিতা তিনি তার মায়ের গর্ভে থাকা অবস্থায় ইন্তেকাল করেছিলেন আর হয় বছরের মাথায় মাকেও হারিয়েছিলেন। আট বছরের মাথায় দাদাকে হারিয়েছিলেন। এভাবে জীবনে একটার পর একটা ধাক্কা তার জীবনে এসেছিল। তিনি আরও বলেন, একজন ব্যবসায়ী, একজন দার্শনিক, একজন চিন্তাবিদ, একজন সমন্বয়ক, একজন প্রধান বিচারপতি যে ক্ষেত্রেই জীবনের প্রশ্ন সচিকিৎসা নিশ্চিত করেছেন, সংশ্লিষ্টদের প্রয়োজনীয় নির্দেশনা দেন। এ সময় সেখানে এক অব্যোথন পরিবেশের সৃষ্টি হয়। আহত সেনা কর্মকর্তা ও তার পরিবারের সদস্যদের সঙ্গে কথা বলে তাদের সাহস ও সাহ্জানা নেন প্রধানমন্ত্রী। গত বুধবার চট্টগ্রামের হাটহাজারীতে বাংলাদেশ সেনাবাহিনীর ফিল্ড ফায়ারিং স্কিমিলিয়ন চলাকালে একটি টাংক থেকে গোলাবর্ষার সময় আকস্মিক দুর্ঘটনা ঘটে। এতে সেনাবাহিনীর দুই সদস্য নিহত এবং একজন সেনা কর্মকর্তা গুরুতর আহত হন। পরে আহত কর্মকর্তাকে উন্নত চিকিৎসার জন্য সম্মিলিত সামরিক হাসপাতালে (সিএমএইচ) ভর্তি করা হয়। দুর্ঘটনায় নিহত দুই সেনাসদস্যের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। একই সঙ্গে তিনি নিহতদের পরিবারের প্রতি সমবেদনা জানিয়েছেন। প্রধানমন্ত্রীর ডেপুটি প্রেস সেক্রেটারি সজাউদ্দৌলা সূজন মাহমুদ এ তথ্য জানান।

ফিল্ড ফায়ারিংয়ে আহত

আহত সেনা কর্মকর্তাকে দেখতে সম্মিলিত সামরিক হাসপাতালে (সিএমএইচ) গেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। শুক্রবার (১১ সেপ্টেম্বর) দুপুরে সিএমএইচতে গিয়ে চিকিৎসাধীন ওই সেনা কর্মকর্তার শারীরিক অবস্থার খোঁজখবর নেন প্রধানমন্ত্রী। এসময় সেখানে বাংলাদেশ সেনাবাহিনী প্রধান জেনারেল ওয়াকার-উজ্জামান উপস্থিত ছিলেন। এ সময় প্রধানমন্ত্রী আহত সেনা কর্মকর্তার দ্রুত ও পূর্ণ সুস্থতা কামনা করেন। পাশাপাশি তার সচিকিৎসা নিশ্চিত করেছেন, সংশ্লিষ্টদের প্রয়োজনীয় নির্দেশনা দেন। এ সময় সেখানে এক অব্যোথন পরিবেশের সৃষ্টি হয়। আহত সেনা কর্মকর্তা ও তার পরিবারের সদস্যদের সঙ্গে কথা বলে তাদের সাহস ও সাহ্জানা নেন প্রধানমন্ত্রী। গত বুধবার চট্টগ্রামের হাটহাজারীতে বাংলাদেশ সেনাবাহিনীর ফিল্ড ফায়ারিং স্কিমিলিয়ন চলাকালে একটি টাংক থেকে গোলাবর্ষার সময় আকস্মিক দুর্ঘটনা ঘটে। এতে সেনাবাহিনীর দুই সদস্য নিহত এবং একজন সেনা কর্মকর্তা গুরুতর আহত হন। পরে আহত কর্মকর্তাকে উন্নত চিকিৎসার জন্য সম্মিলিত সামরিক হাসপাতালে (সিএমএইচ) ভর্তি করা হয়। দুর্ঘটনায় নিহত দুই সেনাসদস্যের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। একই সঙ্গে তিনি নিহতদের পরিবারের প্রতি সমবেদনা জানিয়েছেন। প্রধানমন্ত্রীর ডেপুটি প্রেস সেক্রেটারি সজাউদ্দৌলা সূজন মাহমুদ এ তথ্য জানান।

সারা দেশে বৃষ্টির আভাস

খুলনা, বরিশাল ও সিলেট বিভাগের অনেক জায়গায় এবং চট্টগ্রাম বরিশালের কিছু কিছু জায়গায় ঝড়ায়াত্রিবে দমকা ছটায়সহ হালকা থেকে মাঝারি বৃষ্টি বা ঝঞ্ঝবৃষ্টি হতে পারে। দেশের কোথাও কোথাও মাঝারি ধরনের ভারী বর্ষণ হতে পারে। আগামীকাল সারা দেশে দিন ও রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে। গত ২৪ ঘণ্টায় দেশের সর্বোচ্চ বৃষ্টিপাত রেকর্ড তাক হয়েছে তেঁতুলিয়ায় ৮২ মিলিমিটার। একই সময়ে রেকর্ড তাপমাত্রা রাজশাহীতে ৩৫ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন তাপমাত্রা তেঁতুলিয়ায় ২৩ দশমিক ৭ ডিগ্রি সেলসিয়াস রেকর্ড করা হয়েছে। আবহাওয়ার সিনপটিক অবস্থায় বলা হয়েছে, উত্তরপশ্চিম বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় অবস্থানরত লঘুচাপটি বর্তমানে উত্তরপশ্চিম-পশ্চিমমধ্য বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন উড়িষ্যা-অন্ধপ্রদেশের উপকূলীয় এলাকায় অবস্থান করছে। মৌসুমি বায়ুর অক্ষের বর্ষিতাংশ রাজস্থান, মধ্য প্রদেশ, লঘুচাপের কেন্দ্রস্থল, গাঙ্গেয় পশ্চিমবঙ্গ ও বাংলাদেশের দক্ষিণাঞ্চল হয়ে আসাম পর্যন্ত বিস্তৃত। মৌসুমি বায়ু বাংলাদেশের উপর মোটামুটি সক্রিয় এবং উত্তর বঙ্গোপসাগরে প্রবল অবস্থায় রয়েছে।

আজ শহিদ আতিকুল ইসলামের

রুবেল। ২০০৭ সালে গলাগিচা সরকারি ট্রেস্টাইল ইন্সটিটিউট থেকে এ+ পেয়ে এসএসসি পাস করেন। ২০১১ সালে বরিশাল সরকারি টেক্সটাইল কলেজ থেকে ২০১১ সালে টেক্সটাইল ডিপ্লোমা সম্পন্ন করেন। ২০১৪ সালে ঢাকা সিটি ইউনিভার্সিটি থেকে একই বিষয়ে বিএসসি সম্পন্ন করে ঢাকার বারিধাা এলাকায় জাস্টেব্রু বারিং হাউজে চাকরিতে যোগদান করেন। শাহাদাতকালে তিনি সিনিয়র মার্চেন্টজিয়ার পদে কর্মরত ছিলেন। ২০০৯-২০২৪ সময়কালে মাৎস্যদ্বায়েয়ে এই জনপদে মানুষ ও পশর ফারাক ভুলে যায় জাতি। দিরাবোকে ছিলো সারা শরীর অস্ত্রময় রথোদ্যাদ পুলিশ-ব্যাও ও অওয়ামি লীগ। দৃষ্টির অন্তরালে ছিলো রাষ্ট্রীয় পঞ্চম বাহিনী যারা আয়নাঘরের রসদ সঞ্জহ করত। গুম, কিডনাপ, অপহরণ, নিপেজ ছিলো আরোঘঘরের সম্পদ। ৩৫ বছরের ফার্মািবািদী শাসনেএন অন্যতম অনুঘটক ছিলো সংঘাত, সংঘর্ষ, গ্রেহসভার, গণগ্রেহসভার, গোলাগুলি, বোমাবর্ষন, খুনখুশি। প্রতিপক্ষের চঞ্চ উৎসাহ, নখ তুলে ফেলা, মেদদগু ভেঙে দেওয়া, হাত ভেঙে ফেলা, দাঁত উপড়ানো, বিকলাঙ্গ করে

দেওয়া ছিলো স্বৈরাচারী চরিত্রের স্বাভাবিকতা। বিরোধী পক্ষের ঘরবাড়ি দখল, কারখানা দখল, জমি দখল, মৎস্যখের দখল, খামার দখল, ফসল দখল এবং দেশান্তুরি করায় কোনো অন্যায় ছিলো না ফ্যাসিস্ট রেজিমে। এই মহাদুর্ভুগায়ন ও চেঙ্গিসীয় বর্বরতার প্রতিবাদে ছাত্র সমাজ ফুঁসে ওঠে ২০২৪ সালে। বাঙালিরা জুলাই জুড়ে তাক লাগিয়ে দেয় বিশ্বকে। কুখ্যাত হাসিনাখসির মসনদকে কাপিয়ে দেয় ছাত্র-জনতা। ১৮ জুলাই ইন্টারনেট সংযোগ বন্ধ করে দেশজুড়ে চলে গণহত্যা, গণযক্ষফতার। আওয়ামি লাংগী বাহিনীর হিংস্রতা ও নৈরাজো ভেঙে পড়ে রক্ত্রিযন্ত্র। ১৮-১৯ জুলাই এক সাগর রক্তে ভেসে ওঠে বাংলাদেশ। আনসার, পুলিশ, র‍্যাব, বিজিপি, আওয়ামি লীগ, ছাত্রলীগ, বেচ্ছাসেবকলীগ, যুবলীগ দেশি-বিদেশি অস্ত্রশস্ত্র, পিস্তল, রাইফেল, সাজোযাযান, টায়ার শেল, রবার বুলেট, গ্রেনেড, বোমা, লিখেউইপেন নিয়ে ছাত্র-জনতার ওপর হায়েনার মতো ঝাপিয়ে পড়ে। এই যুদ্ধবন্ডে ১৯ জুলাই ৩.০০ টায় মিরপুর ১০ নম্বর গোলচক্রের গুলিবিদ্ধ হন আতিকুল ইসলাম। সন্ধ্যায় সোহরাওয়ার্দী হাসপাতালে পরিবারের স্বপ্ন পুড়ে ছাই হয়ে যায়। ২০ তারিখ শহিদের লাশ গলাগিচা আনা হয়। সেখানে জৈনপুরী খানকায় প্রথম জানাজা অনুষ্ঠিত হয়। গ্রামের পানপট্রিতে দ্বিতীয় জানাজা শেষে পুলিশি কড়াকড়িতে দ্রুত দাফন দিতে ব্যাঘ হয় স্থানীয় জনতা।

কারিগরি ক্রটিতে আদানির এক

বিদ্যুৎ সরবরাহ কমতে শুরু করেছে। বৃহস্পতিবার ১০ সেপ্টেম্বর সন্ধ্যা পৌরকে ৬৯১ মেগাওয়াট বিদ্যুৎ এসেছে। আজও ৭০০ মেগাওয়াট এর কর্মশেষি বিদ্যুৎ আসছে। যেখানে বিদ্যুৎ আসতো ১২০০ থেকে ১৪০০ মেগাওয়াট। সংশ্লিষ্টরা বলছেন, বর্তমানে বিদ্যুৎ চাহিদার তুলনায় সরবরাহ কম থাকায় আদানির কেন্দ্রের একটি ইউনিট বন্ধ হয়ে যাওয়ার প্রভাব পড়ছে জাতীয় গ্রিডে। উৎপাদন কমে যাওয়ায় বিভিন্ন এলাকায় লোডশেডিংয়ের পরিমাণও বেড়েছে। কেন্দ্রটীর কারিগরি ক্রটি মোরামত করে ইউনিটটি দ্রুত চালু করা গেলে উৎপাদন আবার বাড়বে বলে আশা করছেন সংশ্লিষ্টরা। তবে ইউনিটটি কবে নাপাদ পুনরায় উৎপাদনে ফিরবে, সে বিষয়ে তাৎক্ষণিকভাবে নিশ্চিত কোনো তথ্য পাওয়া যায়নি। ভারতের বাড়খন্ড রাজ্যে নির্মিত আদানির কয়লাভিত্তিক বিদ্যুৎকেন্দ্রটি ১ হাজার ৬০০ মেগাওয়াট ক্ষমতার। ২০১৭ সালে আদানির সঙ্গে বিদ্যুৎ ক্রয় চুক্তি করে বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (পিভিবি)। ৮০০ মেগাওয়াট ক্ষমতার দুটি ইউনিট আছে সেখানে। একটি ইউনিট বন্ধের কারণে বিদ্যুৎ উৎপাদন অর্ধেকের মতো এসেছে। এমনকিই জ্বালানি সংকটকালীন উৎপাদন ধরে রেখে চাহিদা মতো বিদ্যুৎ সরবরাহে হিমশিম খাচ্ছে পিভিবি। এর মধ্যে আদানির বিদ্যুৎ সরবরাহ কমায় চাপ আরও বেড়েছে।

বাজারে তেলের সংকট কাটেনি

বোতলজাত সয়াবিন তেলের দাম প্রতি লিটারে ৫ টাকা বাড়ানোর অনুমোদন দেয়। ব্যবসায়ীরা ১০ টাকা বাড়ানোর দাবি করলেও সরকার ৫ টাকা বাড়ানোর অনুমতি দেয়। এরপর গত ২ সেপ্টেম্বর কোম্পানিগুলো বোতলজাত সয়াবিন তেলের দাম প্রতি লিটারে ১৯৯ টাকা থেকে বাড়িয়ে ২০৪ টাকা নির্ধারণ করে। বেড়েছে আটা ও ময়দার দাম। বিশেষ করে ময়দার দাম বৃদ্ধির প্রভাব পড়ছে বেকারি পণ্যে। এরইমধ্যে বিভিন্ন কোম্পানির পাউরুটি ও অন্যান্য বেকারি পণ্যের দাম বেড়েছে। বেকারি মালিকদের সংঠন জানিয়েছে, আগামীকাল শনিবার থেকে সব ধরনের বেকারি পণ্যের দাম ২০ শতাংশ পর্যন্ত বাড়ানো হবে। কোনো কোনো ক্ষেত্রে দাম অপরিস্রিত রেখে পণ্যের ওজন কমিয়ে মূল্য সমন্বয় করা হবে। ট্রেডিং করপোরেশন অব বাংলাদেশের (টিসিবি) বাজার বিশ্লেষণের তথ্য অনুযায়ী, বাজারে প্রতি কেজি খোলা আটার দাম এখন ৪৮ থেকে ৫০ টাকা। এক মাস আগেও পণ্যটির সর্বনিম্ন ৪০ ছিল ৪৫ টাকা। এক মাসের ব্যবধানে আটার দাম বেড়েছে ৩ দশমিক ১৬ শতাংশ। এছাড়া বাজারে খোলা ময়দা ও প্যাকেটজাত ময়দার দামও বেড়েছে। আগে প্রতি কেজি খোলা ময়দা ৬০ থেকে ৬৫ টাকা দরে বিক্রি হলেও এখন তা ৬৫ থেকে ৭০ টাকা। প্যাকেটজাত ময়দা প্রতি কেজি এখন ৭৫ থেকে ৮৫ টাকা দরে বিক্রি হচ্ছে। এক মাস আগেও এর দাম ছিল ৬৫ থেকে ৭৫ টাকা। বিদ্যুতের বাড়তি দাম, গ্যাস সংকটসহ বিভিন্ন কারণে উৎপাদন খরচ বেড়েছে। এর প্রভাব আটা-ময়দাসহ সংশ্লিষ্ট পণ্যের দামে পড়ছে বলে জানিয়েছেন ব্যবসায়ীরা। আটা-ময়দার দাম বৃদ্ধির প্রভাব পড়ছে বেকারি পণ্যে। বাংলাদেশ ব্রেড, বিস্কুট ও কনফেকশনারির প্রস্তুতকারক সমিতি জানিয়েছে, আগামীকাল শনিবার থেকে সব ধরনের বেকারি পণ্যের দাম বাড়ানো হবে। সংঠনের সভাপতি জালাল উদ্দিন বলেন, দাম সমন্বয় করার সিদ্ধান্ত নিয়েছি। দাম বাড়ালে ২০ শতাংশ হারে বাড়াবে। আবার কিছু ক্ষেত্রে ওজন কমিয়ে দাম সমন্বয় করা হবে। অর্থাৎ, ১০ টাকার রুটি ১০ টাকাই থাকবে। যেটা ৪০০ গ্রাম ছিল, হয়তো ৩৫০ গ্রাম বা ৩২০ গ্রাম হবে। তিনি বলেন, তেলের দাম অনেক বেড়ে গেছে। ২৫ হাজার টাকার তেল বেড়ে ৩৬ হাজার টাকা হয়েছে। এর সঙ্গে গ্যাস-বিদ্যুতের সমস্যা ও বাড়তি খরচ রয়েছে। ফলে দাম সমন্বয় করা ছাড়া আর কোনো উপায় নেই। বিভিন্ন বাজার ঘুরে দেখা গেছে, বর্তমানে প্রতি ডজন ফার্মের ডিম বিক্রি হচ্ছে ১৫০ টাকার। ব্রয়লার মুরগির দামও কমেনি। প্রতি কেজি এখন ১৯০-২০০ টাকা দরে বিক্রি হচ্ছে। বিরক্তেতারা বলছে, ভতিবৃষ্টি ও গরমে অনেক খামারে ডিমপাড়া মুরগিসহ ব্রয়লার মুরগি মারা গেছে। পরে অনেক খামারি নতুন করে মুরগি পালন শুরু করেননি। সাম্প্রতিক লোডশেডিং পরিস্থিতির কারণেও খামারে মুরগি পালন কমেছে। এসব কারণে বাজারে ডিম-মুরগির দাম কিছুটা বেশি। এদিকে, আগের মত চড়া দামেই বিক্রি হচ্ছে সবজি। লম্বা বেগুন ৭০ টাকা এবং গোল বেগুন ১০০ টাকা কেজি দরে বিক্রি হচ্ছে। করলা ও বররটি ৮০ টাকা কেজি। হাইব্রিড শসা ৫০ থেকে ৬০ টাকা এবং দেশি শসা ৮০ থেকে ১০০ টাকা কেজি। আগাম শিমের দাম ২৮০ থেকে ২০০ টাকা কেজি। পটোল, টাটস, কাকরোলসহ কয়েক ধরনের সবজি ৬০ থেকে ৮০ টাকা কেজি দরে বিক্রি হচ্ছে। পেঁপে বিক্রি হচ্ছে ৪০ টাকা কেজি দরে। আর টমেটো বিক্রি হচ্ছে ১২০ থেকে ১৪০ টাকা কেজি দরে। বাজারে তেলাপিয়া ২৫০ থেকে ২৬০ টাকা, পাণ্ডাশ ২৩০ থেকে ২৫০ টাকা এবং রুই-কাতলা ৪০০ থেকে ৪৫০ টাকা কেজি দরে বিক্রি হচ্ছে। চিংড়ি বিক্রি হচ্ছে ১ হাজার থেকে ১ হাজার ৩০০ টাকা এবং পাবনা ৪০০ থেকে ৪৫০ টাকা কেজি দরে। শেওড়াপাড়া বাজারে কথা হয় শরিফুদ্দিনের সঙ্গে। তিনি বলেন, নিম্ন ও মধ্যবিত্ত মানুষ আর্মিযের চাহিদা মেটায় ডিম ও মুরগির মাধ্যমে। এই দুই পণ্যের দাম বাড়তি। তার ওপর এখন তেল ও আটা-ময়দার দামও বেড়েছে। চাল, ডালসহ অন্যান্য খরচও বেড়েছে। ফলে নিম্ন ও মধ্যম আয়ের মানুষের ওপর চাপ বাড়ছে।

ঢাকা-বরিশাল মহাসড়কে দুর্ঘটনায়

ঢাকা-বরিশাল মহাসড়কের গৌরনদী উপজেলার কটকস্থল এলাকায় বৃহস্পতিবার দিবাভ্যত রাত আড়াইটার দিকে সড়ক দুর্ঘটনায় মেহেনী হাসান তুরাগ নিহত হন। নিহত তুরাগ বাবুগঞ্জ উপজেলার রহমতপুর ইউনিয়নের রাজকর এলাকার মৃত আব্দুল গনি হাওলাদারের ছেলে। তুরাগের সঙ্গে থাকা বন্ধু তরিসুল ইসলাম জানান, রাতে তারা চার বন্ধু দুটি মোটরসাইকেলে করে ঢাকা থেকে বাবুগঞ্জের গ্রামেমে বাড়ির উদ্দেশে রওনা হন। পথে গৌরনদীর কটকস্থল এলাকায় পৌঁছালে তুরাগের চালানো মোটরসাইকেলটি মহাসড়কের মাঝখানে থাকা একটি খাদে পড়ে যায়। এতে তিনি মোটরসাইকেলের নিয়ন্ত্রণ হারিয়ে ফেলেন। একই সময় বিপরীত দিক থেকে আসা একটি দ্রুতগতির ট্রাকের সঙ্গে মোটরসাইকেলটির সংঘর্ষ হয়। গৌরনদী হাইওয়ে থানার এসআই শরিফুল ইসলাম জানান, শুক্রবারের দুর্ঘটনায় জড়িত

দুটি যানবাহন আটক করা হয়েছে। তবে বৃহস্পতিবার রাতের দুর্ঘটনায় সংশ্লিষ্ট ট্রাকটি দ্রুত ঘটনাস্থল ত্যাগ করায় সেটি শনাক্ত করা সম্ভব হয়নি।

বাংলাদেশের খাবার মানেই

বিত্ততর চ্যালেঞ্জ হলো খাদ্যে ভেজাল ও নকল খাবার। কোনো কোম্পানির কোনো পণ্য জনপ্রিয়তা পেলে জিজ্ঞিরা থেকে নকল পণ্য তৈরির তৎপরতা শুরু হয়ে যায়। একই ধরনের প্যাকেট ব্যবহার করে একই রকম পণ্য উৎপাদনের ঘটনাও দেখা যায়। তিনি আরও বলেন, আইনের অসং ব্যবহারের সুযোগ রয়েছে। একই ধরনের পণ্য হলেও শুধু নামের বানানে সামান্য পরিবর্তন এনে অন্য প্রতিষ্ঠানের মতো পণ্য উৎপাদন করা যায়। এভাবে তারা লাইসেন্সও পেয়ে যায়। এতে প্রকৃত ও মানসম্মত খাদ্য উৎপাদনকারীরা নিকংসাহিত হন এবং ব্যবসায়িকভাবে ক্ষতিগ্রস্ত হন। ড. ইকবাল রউফ মামুন বলেন, বেশি মুনাফার জন্য খাদ্যে ভেজাল দেওয়াও বাংলাদেশের জন্য বড় একটি চ্যালেঞ্জ। বাংলাদেশের মানুষ এখনো বিশ্বাস করে, বাংলাদেশের খাবার মানেই ভেজাল। সবকিছুতেই ভেজাল-এমন ধারণা আমাদের বড় চ্যালেঞ্জের মুখে দাঁড় করিয়েছে। এই ধারণা দূর করতে আমাদের নানা ধরনের কার্যকর উন্মোচন নিতে হবে। খাদ্য পরিদর্শন ব্যবস্থা নিয়েও প্রশ্ন তুলে তিনি বলেন, আমরা বলতে শুনি বাংলাদেশে যতটা ফুড ইন্সপেকশন হয়, তার চেয়ে বেশি হয় হয়রানি। সারা বিশ্বে এখন বুক্িভিত্তিক (রিফু-বেইজড) খাদ্য পরিদর্শন ব্যবস্থা চালু হয়েছে। কিন্তু আমরা এখনো এড্-প্রোডাক্টভিত্তিক খাদ্য পরিদর্শন ব্যবস্থায় রয়েছি। কাউকে বিপদে ফেলা কখনো কোনো সং উদ্দেশ্য হতে পারে না। আলোচনায় প্রাণ-আরএফএল গ্রুপের পরিচালক মিস উজ্জমা চৌধুরী বলেন, ফুড সিস্টেম ম্যানেজমেন্ট কীভাবে করা হবে, তা এক পণ্য থেকে আরেক পণ্যের ক্ষেত্রে আলাদা। বিষয়টি বাস্তবায়ন করা অত্যন্ত কঠিন হয়ে দাঁড়ায়। আমরা চেষ্টা করি, তবে আমাদের চেষ্টা শেষ হয় না। কারণ অনেক সময় সঠিক টেকনিক জানা থাকে না। বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের চেয়ারম্যান মো. শফিকুল ইসলাম বলেন, বাংলাদেশের ফুড সিস্টেম ম্যানেজমেন্টকে ঢেলে সাজাতে হবে। এ জন্য সবাইকে এগিয়ে আসতে হবে। তিনি বলেন, নানা কারণে মানুষ এসেসড ফুডের দিকে এগিয়ে যাচ্ছে। আমাদের বাস্তবা যত বাড়বে এবং আমরা যত উন্নত হব, ততই বিভিন্ন ধরনের প্রক্রিয়াজাত খাবার গ্রহণ করব। এ থাকলে উন্নত করার সামনে অনেক সুযোগ রয়েছে। একই সঙ্গে এ খাতে রপ্তানিরও বড় সুযোগ রয়েছে। শফিকুল ইসলাম বলেন, খাদ্য খাতে বিভিন্ন প্রতিষ্ঠানের মধ্যে সমন্বয় আরও জোরদার করতে হবে। মোবাইল কোর্টের অভিযান অসঙ্গে তিনি বলেন, অভিযানের খবর যেভাবে প্রচার করা হয়, অনেক সময় বিষয়টি সেভাবে হওয়া উচিত নয়। তিনি নিজেও প্রথম শ্রেণির মাল্টিস্ট্রেট ছিলেন উল্লেখ করে বলেন, ইউটিউবের ফ্র্যাঞ্চাইজি ক্রিয়েটর দিয়ে অভিযান প্রচার করা হলে অনেক ছোট বিষয় অনেক সময় বড় হয়ে যায়। তিনি বলেন, কোথাও গিয়ে হয়তো একটু ময়লা পাওয়া গেল, এরপর আমরা সেই ময়লার পেছনে ছুঁলাম। কিন্তু মূল বিষয় হচ্ছে আমি খাবার খাব, সেই খাবার নিরাপদ কি না, সেটি দেখা। অনেকের বাসার খাবারের পরিবেশও ভালো নয়। সেটি যাদ দিতে বলছি না, তবে আমরা কাছে মনে হয় আমরা অনেক সময় কম গুরুত্বপূর্ণ বিষয়কে বেশি গুরুত্ব দিয়ে ফেলছি। গুরুত্বপূর্ণ বিষয়গুলো আড়াল করতে চাই না। তিনি আরও বলেন, এ বিষয়ে একটি কর্মপরিকল্পনা তৈরি করা হচ্ছে। তবে এককভাবে কোনো একটি প্রতিষ্ঠান ও সমস্যার সমাধান করতে পারবে না। এ ক্ষেত্রে সবার সহযোগিতা প্রয়োজন। অনুষ্ঠানে বাপার সাধারণ সম্পাদক হৈয়দ মুহাম্মদ শোয়াইব হাছানকে সংশ্লিষ্ট খাতের প্রতিনিধিত্ব উপস্থিত ছিলেন। এবারের বাপা ফুডফেই ইন্টারন্যাশনাল এক্সপোর ১১তম আসরে ২৭ দেশের দুই শতাধিক ব্রান্ড অংশ নিয়েছে।

সাংবাদিক পুলক চ্যাটার্জির

বলা যাচ্ছে না। ময়নাতদন্তের প্রতিবেদন পাওয়ার পরই তার মৃত্যুর প্রকৃত কারণ সম্পর্কে বিস্তারিত জানা যাবে। আইনগত প্রক্রিয়া শেষে মরদেহ পরিবারের কাছে হস্তান্তর করা হবে। এদিকে পুলক চ্যাটার্জির মৃত্যুর খবর সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ায় নরনরজুড়ে চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। পুলক চ্যাটার্জি বরিশালের সাংবাদিকতা অঙ্গনের পরিচিত ও প্রবীণ মুখ। দীর্ঘ সাংবাদিকতা জীবনে তিনি জাতীয় দৈনিক সমকাল-এর বরিশাল ব্যুরো প্রধান হিসেবে দায়িত্ব পালন করেন। একই সঙ্গে তিনি বরিশাল প্রেসক্লাবের সাধারণ সম্পাদকসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেছেন।

দ্বিতীয় স্ত্রীকে ভাগিয়ে নেয়ার জের

নিশ্চিত করেছে। বৃহস্পতিবার (১০ সেপ্টেম্বর) সন্ধ্যা ৬টায় উপজেলার কবাই ইউনিয়নের কালেরকাঠী গ্রামে এ ঘটনা ঘটে। ঘটনার পর অভিযুক্ত রিগ্যান হাওলাদার, সুমন সিকদার ও মনা তালুকদার পলাতক রয়েছেন। রিগ্যান ওই এলাকার রফিক হাওলাদারের ছেলে। সে যুবদলের রাজনীতির সাথে জড়িত। সুমন সিকদার ওই এলাকার বাবুল সিকদারের ছেলে এবং মনা তালুকদার অবসরপ্রাপ্ত পুলিশ সদস্য। নিহত সুমনের মা মনোয়ারা বেগম বলেন, সন্ধ্যায় পূর্ব শক্ততার জের ধরে রিগানের সাথে তার ছেলের বাকবিত্তা হয়। এক পর্যায়ে রিগ্যান এবং তার সহযোগী মনা তালুকদার, সুমন সিকদারের সঙ্গে মা মনি বেগমের সাথে পরকীয়া সম্পর্ক করে ভাগিয়ে নিয়ে যায়। এই ঘটনা নিয়ে তার বাবার সাথে মনার পূর্ব শত্রুতা ছিল। পরিবারের ধারণা ওই ঘটনার জের ধরে সুমনকে পরিকল্পিতভাবে হত্যা করছে যুবদল কর্মী রিগান ও তার সহযোগীরা। বাকেরগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আদিল হোসেন বলেন, খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে গিয়ে সুমনকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। হত্যাচাক্রে স সঙ্গে জড়িতদের নাটক করতে অভিযান চলমান রয়েছে। এই ঘটনায় নিহতের মা বাদী হয়ে মামলা দায়ের করবেন বলে জানান ভারপ্রাপ্ত কর্মকর্তা।

বর্ণনা

বঙ্গোপসাগরে ট্রলারডুবি

সাতক্ষীরা জেলার বাসিন্দা। তালতলী উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) অতীশ সরকার বিষয়টি নিশ্চিত করেছেন। স্থানীয় সূত্রে জানা যায়, বুধবার (৯ সেপ্টেম্বর) উপজেলার নিন্দা এলাকার জাফর মিয়ার মালিকানাধীন ‘এফবি মায়ের দেয়া’ ট্রলারটি ১৪ জেলেকে নিয়ে সাগরে মাছ শিকারে যায়। বৃহস্পতিবার আবহাওয়া খারাপ হয়ে সাগর উত্তাল হয়ে উঠলে জেলেরা উপকূলে ফিরতে শুরু করেন। ফকিরহাট এলাকা থেকে প্রায় ১২ কিলোমিটার দূরে পৌঁছালে প্রাচ্য ঢেউয়ের আঘাতে ট্রলারটি উল্টে ডুবে যায়। ট্রলারডুবির খবর পেয়ে ফকিরহাট মৎস্য অবতরণ কেন্দ্রের জেলেরা উদ্ধার তৎপরতা শুরু করেন। রাত ১০টার দিকে ‘সেলিম মাঝি’র ট্রলারের সহায়তায় সাগরে ভাসমান অবস্থায় ১৪ জেলেকে উদ্ধার করা হয়। তবে সাগর উত্তাল থাকায় উদ্ধার হওয়া জেলেরা এখনো উপকূলে ফিরতে পারেননি। উদ্ধারকারী ট্রলারের মাঝি রাজু মিয়া বলেন, খবর পেয়ে আমরা দ্রুত ঘটনাস্থলে পৌঁছাই এবং রাত ১০টার দিকে সাগরে ভাসতে থাকা ১৪ জেলেকেই অক্ষত অবস্থায় উদ্ধার করি। তবে সাগর উত্তাল থাকায় ডুবে যাওয়া ট্রলারটি উদ্ধার করা সম্ভব হয়নি। ফকিরহাট মৎস্য অবতরণ কেন্দ্রের মৎসাজীবী ট্রলার মালিক সমিতির সভাপতি মো. মজিবর ফরাজী বলেন, সাগর উত্তাল থাকায় উপকূলে ফেরার পথে ট্রলারটি ডুবে যায়। খবর পাওয়ার পর যাতে থাকা জেলেরের ট্রলার পাঠিয়ে ১৪ জনকেই উদ্ধার করা হয়েছে। তালতলী উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) অতীশ সরকার বলেন, ট্রলারডুবির ঘটনায় কোনো প্রাণহানি হয়নি। উদ্ধার হওয়া ১৪ জেলে বর্তমানে নিরাপদে আছেন এবং তাদের দ্রুত উপকূলে ফিরিয়ে আনার চেষ্টা চলেছে। উপজেলা প্রশাসনের পক্ষ থেকে তাদের শুকনো খাবার ও চাল দেওয়ার উদ্যোগ নেওয়া হয়েছে।

জ্বালানি সংকট ও ‘হেবা আইন’ নিয়ে

লোকমান হাকীম বলেন, দেশে জ্বালানি সংকট, দ্রব্যমূল্যের উর্ধ্বগতি ও সাধারণ মানুষের বিভিন্ন সমস্যার মধ্যে সরকারকে জনস্বার্থসংশ্লিষ্ট বিষয়ে আরও কার্যকর পদক্ষেপ নিতে হবে। ‘হেবা আইন’ নিয়ে আপত্তি জানিয়ে তিনি বলেন, আইন প্রণয়নের ক্ষেত্রে জনগণের মতামত ও ধর্মীয় মূল্যবোধকে বিবেচনায় নেওয়া প্রয়োজন। তিনি বলেন, জ্বালানি সংকটের কারণে সাধারণ মানুষ ও ব্যবসায়ীরা সমস্যার সম্মুখীন হচ্ছেন। এ সংকট মোকাবিলায় দ্রুত উদ্যোগ নেওয়ার আহ্বান জানান তিনি। সমাবেশে বক্তারা বলেন, জনস্বার্থসংশ্লিষ্ট বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে জনগণের কামান্ডকে গুরুত্ব দেওয়া প্রয়োজন। এইসঙ্গে জ্বালানি সংকট নিরসনে কার্যকর পদক্ষেপ নেওয়ার দাবি সমাবেশ শেষে টাউন হল চত্বর থেকে একটি বিক্ষোভ মিছিল বের হয়। মিছিলটি নগরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে। সমাবেশে ইসলামী আন্দোলন বাংলাদেশে বারিলাল মহাপাণ্ডের সিনিয়র সহসভাপতি অধ্যাপক মাওলানা জাকারিয়া হামিদী, মাওলানা লুৎফর রহমান, মুহাম্মাদ জাবির হোসেন কাফরা, নাসির আহমাদ আজিজ, মাওলানা নাসির উদ্দীন নাইস, সৈয়দ নাসির এলাহদ কাউসার, মাওলানা আবু জাফর, আডভোকেট শেখ আব্দুলহা নাসের, হাফেজ মাওলানা রেজাউল করিম, মুহাম্মাদ সিদ্দিকুল ইসলামসহ সংগঠনের বিভিন্ন পর্যায়ের নেতারা উপস্থিত ছিলেন।

বোরহানউদ্দিনে কুপিয়ে জখমের

বকুল দিগে গিয়ে স্থানীয় বাসিন্দা শাহে আলম ডুবাই বলেন, “মরহুম হাফিজ হাফিজ ভাঙো মানুষ ছিলেন। তবে তার চার ছেলে মাহমুদউল্লাহ, ইমাইমাই, ইব্রাহিম ও ইমরানের বিরুদ্ধে এলাকায় বিভিন্ন সময় আমাদের সঙ্গে বিরোধে জড়িয়ে হামলাগার অভিযোগ রয়েছে। এর আগে আমার ওপরে তারা হামলা করেছিলেন। ওই ঘটনার সঠিক বিচার হলে আজ ইলিয়াসের ওপর হামলার মতো ঘটনা ঘটানোর সাহচর্য তখন পেত না।” তিনি আরও বলেন, “আমরা কোনো সংঘাত চাই না। স্থানীয় প্রশাসনের কাছে আমাদের দাবি, নিরপেক্ষভাবে ঘটনার তদন্ত করে প্রকৃত দোষীদের বিরুদ্ধে আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হোক।” আহত ইলিয়াসের ভাই আলমগীর অভিযোগ করে বলেন, “আমাদের বাড়ির অধিকাংশ মানুষই মাহমুদউল্লাহ, ইমাইমাই, ইব্রাহিম ও ইমরানের দ্বারা বিভিন্ন সময় লাঞ্চিত ও হুমসারি শিকার হয়েছেন বলে অভিযোগ রয়েছে। আমার ভাইকে দিনদুপুরে রাত ও না দিয়ে এসেগোড়াড়ি আঘাত করে গুরুত্বর জখম করা হয়েছে। আমরা প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করছি এবং ঘটনার সূহু তদন্তের মাধ্যমে দায়ীদের দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করছি।” মানববন্ধনে উপস্থিত স্থানীয় বাসিন্দারা বলেন, দিনের বেলায় প্রকাশ্যে একজনের ওপর হামলার অভিযোগ অত্যন্ত উদ্বেগজনক। এ ধরনের ঘটনায় সূহু তদন্ত ও দ্রুত আইনগত ব্যবস্থা না হলে এলাকায় আরও বড় ধরনের সংঘাতের আশঙ্কা রয়েছে। তারা ইলিয়াসের ওপর হামলার ঘটনার নিরপেক্ষ তদন্ত, অভিযুক্তদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা এবং আহত ব্যক্তির নিরাপত্তা নিশ্চিত করার দাবি জানান। এ সময় ব্যাংকার বলেন, কোনো ব্যক্তির সঙ্গে বিরোধ থাকলেও আইন নিষেধের কাছে তুলে নেওয়ার সুযোগ নেই। হামলাগার অভিযোগের সত্যতা যাচাই করে তদন্তসাপেক্ষে দায়ীদের আইনের আওতায় আনতে হবে। মানববন্ধন শেষে স্থানীয়রা সংশ্লিষ্ট প্রশাসনের কাছে দ্রুত হস্তক্ষেপ কামনা করেন এবং ইলিয়াসের ওপর হামলার ঘটনায় সূহু বিচার না হওয়া পর্যন্ত শাস্তিপূর্বভাবে প্রতিবাদ চালিয়ে যাওয়ার কথা জানান।

বাকেরগঞ্জে কৃষিজমির মাটি

মাটি কাটার সময় মোঃ জালাউদ্দিন (৩৬) নামের একজনকে থানা পুলিশের সহায়তায় হাতেনাতে আটক করা হয়। ভ্রাম্যমাণ আদালত সূত্রে জানা যায়, আটক ব্যক্তি মাটি কাটার বিষয়টি ষীকার করেন। তিনি জানান, তাকে ভাড়া করে কিছু লোক এনেছে। তবে জমির মালিক বা সংশ্লিষ্টদের বিষয়ে তিনি কোনো তথ্য দিতে পারেননি। অবৈধ কর্মকাণ্ডে সম্পৃক্ততার অভিযোগে তাকে ৭০ হাজার টাকা অর্থদণ্ড প্রদান করা হয়। পাশাপাশি ভবিষ্যতে এ ধরনের কর্মকাণ্ডে জড়িত না হওয়ার আশীর্করে তার কাছ থেকে মুচলেকা নেওয়া হয়। এদিকে এলাকাবাসীর অভিযোগ, একটি প্রভাবশালী চক্র দীর্ঘদিন ধরে ভরপাশা ইউনিয়নের তুলাতলা নদী তীরবর্তী এলাকায় রাতের আধারে সরকারি ও ফসলি জমি থেকে মাটি কেটে নিচ্ছে। এতে কৃষিজমি নষ্ট হয়ে আবাদ ব্যাহত হচ্ছে। প্রভাবশালী হওয়ায় অনেকে ভয়ে থানায় অভিযোগ করতেও সাহস পান না বলেও দাবি তাদের। মোাবলি কোর্ট পরিরালনকারী নির্বাহী ম্যাজিস্ট্রেট অজ্ঞাজোড়ি বড়াল বলেন, পরিসেধ ও প্রতিবেশের জন্য ঝুঁকিপূর্ণ এমন অবৈধ কর্মকাণ্ডের বিরুদ্ধে অভিধান অব্যাহত থাকবে। কৃষিজমি রক্ষা ও অবৈধ মাটি কাটা রোধে এ ধরনের অভিধান নিয়মিতভাবে চলবে বলেও তিনি জানান।

বরিশালে আওয়ামী লীগের

রাজনৈতিক পরিসর ও মিছিলে সম্পৃক্ততার বিষয়টি যাচাই করা হচ্ছে বলে জানিয়েছে পুলিশ। মিছিলে ব্যবহৃত ব্যানারে শেখ হাসিনার পাশাপাশি আওয়ামী যুবলীগের চেয়ারম্যান শেখ ফজলে শামস পরশ, সাধারণ সম্পাদক মাইনুল হাসান খান নিখিল, বরিশাল জেলা আওয়ামী লীগের সভাপতি আবুল হাসানাত আব্দুল্লাহ, বরিশাল সিটি কর্পোরেশনের সাবেক মেয়র সাদিক আব্দুল্লাহ এবং ১৬ নম্বর ওয়ার্ডের সাবেক কাউন্সিলর মো. রাজিব হোসেন খানের ছবি ছিল। কোতোয়ালি মডেল থানার ওসি আল মামুন উল ইসলাম বলেন, মিছিলের খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে গিয়ে পাঁচজনকে আটক করে। পরে আরও দুজনকে আটক করা হয়েছে। তাদের সংশ্লিষ্টতা যাচাই করা হচ্ছে। যাচাই শেষে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

চরফ্যাশন হাসপাতালে ৫ লাখ টাকার কাজে

চিকিৎসা নেন। আমরা পুরোগুরি ডকুমেন্টস পেলে তাদের বিরুদ্ধে আইনগতভাবে জবাবদিহিতার মুখোমুি করার চেষ্টা করবো।’ হাসপাতালের সক্ষমতা বাড়ানোর পরিকল্পনার কথা জানিয়ে তিনি বলেন, চরফ্যাশন হাসপাতালকে ১০০ শয্যা থেকে ২৫০ শয্যায় উন্নীত করার জন্য ‘স্বাস্থ্য মন্ত্রণালয়ের আবেদন পাঠানো হয়েছে। পাশাপাশি হাসপাতালগুলিতে আরও চিকিৎসক ও জনবল প্রয়োজন বলে উল্লেখ করেন তিনি। তার ভাষায়, ‘হাসপাতাল কর্তৃপক্ষকে বলেছি, তাদের দাবি জানিয়ে। তাহলে আমরা ক’ত অসুযায়ী চেষ্টা করবো।’ হাসপাতালদের পরিদর্শন পরিচ্ছন্নতা নিয়ে সন্তোষ প্রকাশ করে নুরুল ইসলাম নূরন বরেন, শুরু খেন বলেন, ‘কাজ থেকেই দেখা যায়ছে। এবারের পরিদর্শনে আগের তুলনায় পরিবর্তন দেখা গেছে এবং মতব্য করেন তিনি। তবে সেবার মান আরও উন্নত করতে প্রয়োজনীয় সংখ্যক নার্স ও ভলেন্টারদের বেতনদরকার বলে জানান। তিনি বলেন, ‘আশা করছি উপজেলা পর্যায়ের হাসপাতালের মধ্যে চরফ্যাশন হাসপাতালটি বাংলাদেশের মধ্যে দৃষ্টান্ত স্থাপন করবে, সেই চেষ্টায় করছি।’ হাসপাতালকে রোগীদের চিকিৎসাসেবা নির্বিঘ্ন রাখার ওপরে গুরুত্ব দেন তিনি। হাসপাতাল কর্তৃপক্ষের পক্ষ থেকে কেউ যেন যথ্যা রোগীদের সেবায় বাধা না দেন—এমন অনুরোধের বিষয়টি উল্লেখ করে

সবাইকে ঐক্যবদ্ধভাবে সহযোগিতা করার আহ্বান জানান তিনি। পরিদর্শনের সময় উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক মোতাহার হোসেন আলমগীর মালতিয়া, সাবেক সাংগঠনিক সম্পাদক কাজী মঞ্জুর হোসেন, পৌর বিএনপির সাধারণ সম্পাদক খায়রুল ইসলাম সোহেল, উপজেলা যেক্সদেসেকদলের আহ্বায়ক সিকদার হুমায়ুন কবির, উপজেলা যুবদলের সাবেক সভাপতি আশরাফুর রহমান দিপু, চরফ্যাশন প্রেসক্লাবের সাধারণ সম্পাদক কামাল গোলদার এবং চরফ্যাশন হাসপাতালের চিএস আশরাফুল ইসলাম সুমনসহ অনার।

রাজাপুরে স্কুলের নামে ভুল রেকর্ড

তারা ওই জমি থেকে ২৩ শতাংশ স্কুলের অনুকূলে দান করেন। বাকি ১৯ শতাংশ জমি দীর্ঘদিন ধরে বাদীরা ভোগদখল করে আসছেন। ওই জমিতে দোকানঘর নির্মাণ করে ভাড়াটিয়াদের মাধ্যমে ব্যবহার করা হচ্ছে। বাদীদের অভিযোগ, দান করা ২০ শতাংশের বাইরে অবশিষ্ট ১৯ শতাংশ জমিও আরএস, এসএ ও বিএস জরিপে ভুলভাবে বিভ্যালয়ের নামে রেকর্ড করা হয়। সম্প্রতি ওই রেকর্ডের ভিত্তিতে বিভ্যালয় কর্তৃপক্ষ জমিটির মালিকানা দাবি করলে বিরোধের সৃষ্টি হয়। রেকর্ড সংশোধনের উদ্যোগ না নেওয়ায় তারা আদালতের শরণাপন্ন হন। মামলায় বাদীদের প্রার্থিশি ‘স্বত্ব যোগ্যতার পাশাপাশি বিবাদীদের প্রতি কারণ দর্শানোর আদেশ চাওয়া হয়েছে। আদালত মামলাটি গ্রহণ করে বিবাদীদের কারণ দর্শানোর নির্দেশ দিয়েছেন। বাদী মো. সরোয়ার হোসেন তালুকদার বলেন, ‘স্কুল প্রতিষ্ঠার সময় পূর্বপরিক্ষা য়ে ২০ শতাংশ জমি দান করেছেন, সেই জমির ওপর আমাদের কোনো দাবি নেই। আমাদের দাবি ঋু অবশিষ্ট ১৯ শতাংশ জমি নিয়ে। ওই জমির রেকর্ড সংশোধন করে আমাদের নামে করার দাবি জানিয়েছি।’ এ বিষয়ে প্রধান শিক্ষক মো. জাহিদুল ইসলাম বলেন, ‘মামলার বিষয়ে আমার জ্ঞান নেই। মামলায় উল্লেখিত দাবির বিষয়ে তাদের কাছে কোনো ডকুমেন্ট থাকলে তা নিয়ে বসে আলোচনার মাধ্যমে সমাধানের উদ্যোগ নেওয়া হবে।’

জুয়া খেলতে নিষেধ করায় মারধর

সূত্রে জানা গেছে, প্রায় এক বছর আগে নাসিম খানের সঙ্গে তারমিয়ার বিয়ে হয়। নাসিম মালয়েশিয়াপ্রবাসী। গত ২ আগস্ট দেড় মাসের ছুটিতে দেশে আসেন তিনি। আগামী ১৭ সেপ্টেম্বর তার আগের প্রবাসে ফিরে যাওয়ার কথা ছিল। নিহতের পরিবারের অভিযোগ, বিয়ের পর থেকেই শাশুড়ি বিনা বেগম ও নন্দদ বাপিরের নামে বিভিন্ন অজুহাতে তারমিয়াকে মানসিক ও শারীরিক নির্যাতন করতেন। প্রবাস থেকে আনা ব্যবহায্য জিনিসপত্রও তারমিয়াকে ধরতে দেওয়া হতো না বলে দাবি করেন তার ম্যা। নিহতের মা আফমতজাহ বেগম জানান, নাসিম খান গভীর রাত পর্যন্ত জুয়া ও জুয়া খেলায় লিপ্ত থাকতেন। এ নিয়ে খানী-স্ত্রীর মধ্যে প্রার্যে বাতাসবিজ্ঞ হতো। আমতজাহ বেগমের ভাষা, গভীর রাত্তে জুয়া খেলে বাড়ি ফেরেন নাসিম। তারমিয়া এর প্রতিবাদ করলে কথা-কাটাকালি হয়। একপর্যায়ে নাসিম তাঁকে বেধড়ক মারধর করেন। সকালে নাসিম ও তার মা বিনা বেগম প্যানারটো বন্দরে গেলে ঘরে একা থাকা তারমিয়া গ্যাস ট্যাবলেট (আলুমিনিয়াম ফসফাইড) পান করে। বাড়ি ফিরে খাটের ওপর তারমিয়াকে অচেতন অবস্থায় পড়ে থাকতে দেখে পরিবারের লোকজন তাঁকে দ্রুত মৃদাঙ্গী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেয়। সেখানে দায়িত্বরত চিকিৎসক তাঁকে মৃত ঘোষণা করেন। এ ঘটনায় নিহতের বাবা খলিলুর রহমান তোতা রাণী বানী হয়ে নাসিম খানসহ অজ্ঞাতনামা দুই থেকে তিনজনকে সাজি করে মৃদাঙ্গী থানায় মামলা করেন। মৃদাঙ্গী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) খন্দকার মো. সোহেল দাবা বলেন, ‘আলুমিনিয়াম ফসফাইড সাধারণত কীটনাশক হিসেবে ব্যবহৃত হয়। এই কীটনাশক পান করেই যুগবধুর মৃত্যু ঘটতে বলে মনে করা হচ্ছে। এ ঘটনায় থানায় একটি মামলা দায়ের করা হয়েছে এবং প্রধান আসামি নাসিম খানকে গ্রেপ্তার করা হয়েছে। মরদেহ উদ্ধার করে ময়নাতত্ত্বের পর বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতাল হার্সে পাঠানো হয়েছে। বিষয়টি তদন্ত করে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।’

হৃদযন্ত্রের দ্রুপে মার্কিন হামলা চাইলেন

তবে প্রেসিডেন্ট ট্রাম্‌প সে অনুরোধ নাকচ করে দিয়েছেন। গত কাল বৃহস্পতিবার এই ফোনকল হয়েছে বলে মার্কিন স্বেচামাধ্যম এলিগন্সকে নিশ্চিত করেছেদুই মার্কিন কর্মকর্তা। সৌদি যুবরাজের অনুরোধে প্রত্যাখ্যানের কারণে এসঙ্গে ওই কর্মকর্তারা বলেনছে, এখন এই সময়ের হৃদযন্ত্রের বিরুদ্ধে সরাসরি কোনো সামরিক পদক্ষেপ নেওয়ার পরিকল্পনা মার্কিন প্রশাসনের নেই। এ ব্যাপারে আরও বিস্তারিত তথ্য জানতে হোয়াইট হাউস এবং ওয়াশিংটনের সিন্দি দূতাবাসের কর্মকর্তাদের সঙ্গে যোগাযোগ করাছিল রিপটস, কিন্তু কোনো কর্মকর্তা এ ব্যাপারে মন্তব্য করতে রাজি হননি। তবে এলিগন্সের প্রতিবেদনে দাবা হয়েছে, যদি গোষ্ঠীকে লক্ষ্য করে সরাসরি সামরিক পদক্ষেপের সম্ভাবনা নাকচ করে দিলেও ইয়াহযেরের সরকারি সেনাবাহিনী এবং সৌদি আর্মিরের সঙ্গে হৃদি গোষ্ঠীর সাম্প্রতিক সংঘাত নিয়ে ওয়াশিংটনের উদ্বেগ তমশষ বাড়ছে। সরাসরি সামরিকভাবে যুদ্ধ হতে না চাইলেও এ ইস্যুতে সৌদি আরবের পরোক্ষভাবে সহযোগিতা করতে চাইছে ট্রাম্প প্রশাসন। বৃহস্পতিবার মার্কিন প্রতিরক্ষা বহিনীর কেন্দ্রীয় কমান্ডের (সেন্টকম) শীর্ষ কমান্ডার অ্যাডমিরাল ব্র্যাড কুপার নেতৃত্বে মার্কিন প্রতিরক্ষা বাহিনীর একটি প্রতিনিধি দল রিয়াদে সৌদি কর্মকর্তাদের সঙ্গে এ ইস্যুতে জরুরি বৈঠকও করেছে। বৈঠকে মার্কিন কর্মকর্তারা বলেছেন, প্রেসিডেন্ট ট্রাম্প এই যুদ্ধেই হারান এবং হরমুজ প্রণালিকে ইরানের কর্তৃত্বপূর্ণ করলে সর্বোচ্চ রোয়েগো দেওয়ার সম্ভাব্যতা। এ কারণে আর কোথাও সামরিক অভিযান পরিচালনার ব্যাপারেটি এড়িয়ে যেতে চান তিনি। উল্লেখ্য, সৌদি আরবের সঙ্গে ইরানের মধ্যে চলমান ২০১৪ সালে থেকে। সে বছর ইরানের সঙ্গে গৃহযুদ্ধ শুরু হয়, তারপর মার ও বহু বছরের মধ্যে ২০১৫ সালে ইরানের মদন্তপূর্ণ সশস্ত্র রাজনৈতিক গোষ্ঠী হুথি রাজধানী সানা দখল করে। হুথিরা রাজধানী দখলের পর ইয়েমেনের তৎকালীন প্রেসিডেন্ট মনসুর আবদ-আলা হাদি সৌদিতে পালিয়ে যান। তার নেতৃত্বাধীন সরকারকে ফিরিয়ে এনে ক্ষমতায় বসাতে ওই বছর থেকেই ইয়েমেনে সামরিক অভিযান শুরু করে ইয়েমেন-সৌদি সেনাবাহিনী। বর্তমানে ইয়েমেনের মোট ভূখণ্ডের অর্বেক হুথি গোষ্ঠীর নিয়ন্ত্রণে আছে, বাকি অর্বেক নিয়ন্ত্রণ করছে সৌদি সমর্থিত প্রেসিডেন্সিয়াল কাউন্সিল সরকার। কয়েক বছর আগে সৌদি-প্রেরিত সশস্ত্র বাহিনীর সার্বভৌম স্বীকৃতিও পেয়েছে। ২০২২ সালে ফিলি ব্রিটেনী বৃহৎ সৌদি আরবের মধ্যে যুদ্ধবিরতি চুক্তি হয়েছিল; কিন্তু তা জুলাই মাসে সানার বিমানবন্দরে হামলার পর থেকে ফের তিভ্ হয়ে ওঠে সৌদি-হুথি সম্পর্ক।

সৌদি আরবকে ঘিরে ফেলছে

এতে লোহিত সাগরের প্রান্তের গুরুত্বপূর্ণ বাব আল-মন্দেব প্রণালি ঘিরে তাদের প্রভাব আরও বেড়েছে। হুথিদের এই অগ্রগতি শুধু ইয়েমেনের যুদ্ধকেই নতুন মাত্রা দেয়নি, বরং সৌদি আরবের নিরাপত্তা, তেল রপ্তানি এবং আন্তর্জাতিক নৌবাণিজ্য নিয়েও নতুন উদ্বেগ তৈরি করেছে। বিশেষ করে হরমুজ প্রণালিতে চচালস সীমিত হয়ে পড়ায় সৌদি আরব এখন লোহিত সাগরের নৌপথের ওপর বেশি নির্ভরশীল। ১০ সেপ্টেম্বর ইয়েমেনের গুরুত্বপূর্ণ বন্দরগণনী মোখা নিয়ন্ত্রণে নেওয়ার পর লোহিত সাগরের উপকূল ধরে আরও দক্ষিণে ইয়েমেনে হয়েছে হুথি বাহিনী। তারা কৌশলগত হানিশ ঝাঁপপুঞ্জও পৌছেছে বলে ইয়েমেন সরকারের সামরিক সূত্র দাবি করেছে। এই অগ্রগতির ফলে বাব আল-মন্দেব প্রণালির ওপর হুথিদের প্রভাব আরও বাড়ার আশঙ্কা তৈরি হয়েছে। লোহিত সাগরের সঙ্গে এডেন উপসাগর এবং পরবর্তী সময়ে ভারত মহাসাগরের যোগাযোগ তৈরি করে এই প্রণালি। ফলে আন্তর্জাতিক বাণিজ্য ও জ্বালানি পরিবহনের জন্য এর গুরুত্ব অত্যন্ত বেশি। হুথিদের এই অগ্রগতি এমন সময় ঘটল, যখন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট দোনা্ল্ড ট্রাম্প ইফিত দিয়েছেন, ইরান যুদ্ধ নিষেধের মধ্যবর্তী মার্কিন নির্বাহীরের পক্ষে যত্নে নেওয়া হবে। হুথিরা যদি বাব আল-মন্দেবের ওপর কার্যকর নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করতে পারে, তাহলেই ইরানের জন্য এটি বড় কৌশলগত সুবিধা হয়ে দাঁড়িয়ে পড়বে বলে মনে করা হচ্ছে। হরমুজ প্রণালির মতো বাব আল-মন্দেবও বৈশ্বিক জ্বালানি সরবরাহ ও বাণিজ্যের গুরুত্বপূর্ণ পথ। হরমুজ দিয়ে বিশ্বের মোট তেল সরবরাহের প্রায় এক-পঞ্চমাংশ পরিবহন হতো। যুেকের কারণে সেই পথ কাতক বন্ধ হয়ে যাওয়ায় সৌদি আরবের জন্য লোহিত সাগরের কট আরও গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে। চলতি বছরের মা্ট থেকে জুলাইয়ের মাঝামাঝি সময়ে বাব আল-মন্দাব দিয়ে সৌদি আরবের সমুদ্রপথে অপরিহার্যভাবে তেল রপ্তানি আরম্ভের মধ্যেই প্রমাণের তুলনায় প্রায় আট গুণ বেড়েছে। ২০২৪ সালে প্রতিদিন পড়ে প্রায় ৪১ লাখ ব্যারেল অপরিহার্যভাবে তেল ও পেট্রোলিয়ামজাত পণ্য এই প্রণালি দিয়ে পরিবহন করা হয়েছে, যা বিশ্বব্যাপী এখন পর্যায়ের মোট পরিবহনের প্রায় ৫ শতাংশ। ফলে বাব আল-মন্দেবে বড় ধরনের বাধা তৈরি হলে সৌদি আরবের তেল রপ্তানি এবং বৈশ্বিক

জ্বালানি সরবরাহে বড় ধাক্কা আসতে পারে। এর প্রভাব পড়তে পারে আন্তর্জাতিক বাজারেও।

নাজিরপুরে মেয়াদোত্তীর্ণ ৪ ইউনিয়নে

হওয়ার পর জনগণের সেবায় নিজেকে নিয়োজিত করেছে। সাধ্যমত ইউনিয়নবাসীর সূত্রে দুগুণে পাশে থাকার চেষ্টা করেছে। সামনে আরও নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করার ইচ্ছা আছে। যদি জনগণ আমার উপর আস্থা রাখে তবে তাদের আশ্বার প্রতিদান দিবো। প্রজ্ঞাপনে উল্লেখ করা হয়, উল্লিখিত প্রশাসকগণ নিয়োগের তারিখ হতে স্থানীয় সরকার আইন ২০২৪ এর ১৮(১১) ধারা মোতাবেক কেবলমার ১(এক) মেয়াদে ১২০ দিনের অধিক সময় দায়িত্বে থাকতে পারবেন না। এতে আরও উল্লেখ করা হয়, কোন দেব -দুর্বিপাক, অতিমারী, মহামারী ইত্যাদি কারণে এই আইনের বিধান মোতাবেক নির্বাচিত পরিষদ গঠন করা সম্ভব না হলে মেয়াদ বৃদ্ধির কারন যথাযথভাবে উপেক্ষণপূর্বক সরকারের অনুমতি গ্রহণ করতে হবে।

ডেঙ্গু আক্রান্ত প্রধানশিক্ষক

সেখান থেকে পিরোজপুর জেলা হাসপাতালে ভর্তি করা হয়। সেখান থেকে উন্নত চিকিৎসার জন্য শেবাচিন হাসপাতালে রেফার্ড করা হয়। কয়েক দিন চিকিৎসার পর তাঁর প্ল্যাটিলেট কমে গেলে তিনি ডেঙ্গুতে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেন। পিরোজপুরের সিভিল সার্জন মো. মতিউর রহমান বলেন, ‘পিরোজপুরে প্রতিদিনই জেলা হাসপাতাল ও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সগুলোয় ডেঙ্গু আক্রান্ত রোগীর সংখ্যা বাড়ছে। আমরা পিরোজপুর জেলা হাসপাতালের রোগীর সংখ্যাই দেখিছি এবং আমাদের কাছে ডেঙ্গু পরীক্ষার জন্য পথান্ত্র ক্রিট রয়েছে। দীপক চন্দ্র শীলের বাড়ি কাউথালীতে হলেও তিনি বরিশাল শের-ই-বাংলা হাসপাতালে মৃত্যুবরণ করেছেন। সেচতন না হলে ডেঙ্গুর ভয়াবহতা আরও বাড়তে পারে।’

আগৈলঝাড়ায় শিক্ষার্থীদের নিয়ে

তাদের সঠিক দিকনির্দেশনা ও সেচতনতার মাধ্যমে মাদক, ইভটিজিং, বাল্যবিবাহ সহ বিভিন্ন সামাজিক অপর্যাপ্ত প্রতিরোধে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখা সম্ভব।

নিখোঁজ রাকিবের মরদেহ উদ্ধার

শিবপুর ইউনিয়নের শান্তিহাট এলাকার বাবুলের ছেলে। লাল উদ্ধারের বিষয়টি নিশ্চিত করেছেন ডোলা সরম মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মনিরুল ইসলাম ও রামগতি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) লিটন দেওয়ান। ডোলা সরম মডেল থানার ওসি মো. মনিরুল ইসলাম বলেন, আমরা তরুতে পেয়েছি লক্ষ্মীপুরের রামগতির একটি চরে নিখোঁজ রাকিবের লাশ পাওয়া গেছে। ওই এলাকার নদীপারের বাসিন্দারা হঠাতে রাকিবের আত্মীয়সজনকে জানিয়েছে। আমাদের ভিডিটরত পুলিশ বিষয়টি আমাকে জানিয়েছে। খবর পেয়ে আমি তাৎক্ষণিকভাবে লক্ষ্মীপুরের রামগতি থানার ওসির সঙ্গে যোগািবকোনে কথা বলেছি। আমাদের নৌ পুলিশের মাধ্যমে রামগতি থানার নৌ পুলিশের সঙ্গে যোগাযোগ করা হয়েছে। তাদের বার্তা দেওয়ায় জ্ঞনা বলা হয়েছে। রামগতির ইউএনওকেও বিষয়টি জানানো হয়েছে। এখন তারা লাশের কার্যক্রম শেষে পরিবারের কাছে হস্তান্তর করবে। জানতে চাইলে রামগতি থানার ওসি লিটন দেওয়ান দুপুরে বলেন, বিষয়টি নিয়ে ডোলা সরম থানার ওসির সঙ্গে দুবার কথা হয়েছে ওসি আরও বলেন, আমাদের থানায় কোনো নৌদান নেই। তাই আমরা রামগতির ওই চরে যেতে পারছি না। তবে রামগতি নৌ পুলিশকে বিভিন্তভাবে খবর নিচ্ছি। কোস্ট গার্ডকে জানিয়েছি। কোস্ট গার্ডের সদস্যরা ইতিমধ্যেই ঘটনাস্থলে গিয়ে তদ্বারকরণ করছে। রামগতি নৌ পুলিশের ইন্চার্জ মোহাম্মদ আলী বলেন, আমি ছুটিতে আছি। সেখানকার বর্তমান দায়িত্বপ্রাপ্ত এসআই আবুল কালাম বিস্তারিত জানাতে পারবেন। এ বিষয়ে রামগতি নৌ পুলিশের দায়িত্বপ্রাপ্ত এসআই আবুল কালাম শুক্রবার বেলা সাড়ে তটার দিকে বলেন, রাকিবের পরিবার এসে পৌছেছে। তারা রাকিবের লাশ শনাক্ত করেছেন। আমরা লাশের সুরতহাল প্রতিবেদন তৈরি করে লাশের প্রমাণভিত্তিক জন্য হাসপাতালে পাঠানোর ব্যবস্থা করছি। এরপর ময়নাতত্ত্বের ব্যবস্থা নেওয়ার পর লাশ পরিবারের কাছে হস্তান্তর করা হবে। প্রসঙ্গত, গত বুধবার (৯ সেপ্টেম্বর) উপজেলার শিবপুর ইউনিয়নের ডোলাখালি মাধ্যমিকসংলগ্ন বাঘরমাঠ এলাকায় বিকেলে পাঁচ বকু মেঘনা নদীর পাড়ে বালুর্ভর্তি জিওব্যাগের ওপর বসে আড্ডা দিচ্ছিলেন। সন্ধ্যা সাড়ে ষ্টা থেকে চট্টার মধ্যে হঠাৎ জিওব্যাগসহ নদীর পাড়েও পড়েন। পাঁচ বকু ধসে পড়লে তারা সবাই পানিতে পড়ে যান। এ সময় তিনজন সাতের তীরে উঠতে সক্ষম হলেও রাকিব ও বিজিবি সদস্য আমজাদ সাতের তীরে ডালৈ ভলিয়ে যান। বিজিবি সদস্য আমজাদ ও রাকিবকে উদ্ধারে কোস্ট গার্ড ও ফায়ার সার্ভিসের কর্মীরা অভিযান চালিয়েও উদ্ধার করতে পারেনি। নিখোঁজ দুই যুবকের মধ্যে রাকিবের লাশ উদ্ধার করা হলো। তবে বিজিবি সদস্য আমজাদকে এখনো উদ্ধার করা হয়নি।

অবৈধ বালু উত্তোলনে ভ্রাম্যমাণ

এলাকায় একটি চক্র অবৈধভাবে ড্রেজার দিয়ে বালু উত্তোলন করে আসছিল। এমন গোপন সংবাদের ভিত্তিতে বৃহস্পতিবার রাত চটায় উপজেলার পূর্ব সূজনকাটি এলাকায় এর অভিযান চালায় উপজেলা প্রশাসন। এ সময় ঘটনাস্থলে অবৈধ বালু উত্তোলনের সত্যতা পাওয়া গেলে সেলা ইউনিয়নের উত্তর শিহিঙ্গাশা আলেকার আবুল সদ্দাদের ছেলে আরিফ সদ্দারকে ৫০ হাজার টাকা জরিমানা করা হয়। এ বিষয়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা ও নির্বাহী ম্যাজিস্ট্রেট নুরুন্নসম মজুমদার মহোদয় জানান, অবৈধভাবে বালু উত্তোলনের সঙ্গে জড়িতদের বিরুদ্ধে ভবিষ্যতেও নিয়মিত অভিযান পরিচালনা করা হবে। তিনি আরও বলেন, পরিবেশের ভারসাম্য বজায় রাখতে প্রশাসনের এ ধরনের অভিযান অব্যাহত থাকবে।

পায়রা নদীর অব্যাহত ভাঙনে

হারানোর মতো আর কোনো ভিটেমাটি থাকে না, তখন সরকারি রাস্তার পাশেই ইরানে নিজে হাছে তাদের। ভাঙনের ঝুঁকিতে রয়েছে ৯২ নম্বর আগারিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয় কাম স্নিক্রোন সেন্টার, সিকদার বাড়ি জামে মসজিদ ও মোক্কা বাড়ি। ভাঙন অব্যাহত থাকলে অচিরেই বিদ্যালয়সহ দুটি বাড়ি নদীগর্ভে বিলীন হয়ে যাওয়ার আশঙ্কা রয়েছে স্থানীয়রা। সরেজমিনে বাহেরদর গ্রামে গিয়ে কথা হয় ভাঙনে সর্বশে হারানো নিটুদী রানীর সঙ্গে। তিনি জানান, এ পর্যন্ত সাতবার নদীভাঙনে তার ভিটেমাটি হারিয়েছে। সর্বশেষ আশ্বাইটুকুও নদীগর্ভে চলে যাওয়ার পর বাধ্য হয়ে সরকারি রাস্তার পাশে আশ্রয় নিয়েছেন। এখন তার আর কোথাও যাওয়ার আশা নেই। আক্ষেপ করে জাকির মামা (৫০) বলেন, ‘কত মাফে যাওয়া করতে, কত কমা কলীলাম, কামের কিছুই হইলো না। আমনোগো লগে কথা কইয়া হইবো কি? কেউ তো আমাগো দিকে চাইলো না।’ রিপন মাল (৩৭) বলেন, বাপ-দাদার আমল থেকেই তাদের গ্রামটি নদীভাঙনের শিকার। তার বয়সেই পাঁচ-ছয়বার বসতঘর পরিবর্তন করতে হয়েছে। শেষ পর্যন্ত গ্রাম ছেড়ে বাজারে গিয়ে বাসা ভাড়া করে থাকতে হচ্ছে তাকে। আঙ্গারিয়া ইউনিয়নের ৩ নম্বর ওয়ার্ড বিএনপি নেতা নাসির উদ্দিন সিকদার বলেন, ‘এ পর্যন্ত আমাদের সাড়ে তিনশ একর জমি নদীগর্ভে চলে গেছে। ১৯৭৭-৭৮ সালে নদীর ওপর পাশে বাকেরগঞ্জের সঙ্গে নতুন চরে ৬০টি পরিবারের জন্য ৯০ একর জমি বরাদ্দ দেওয়া হয়েছিল। কিন্তু বাকেরগঞ্জের লোকজন জরুরিগত করে রাখায় আমাদের কোনো পরিবারই সেই জমি পায়নি।’ ভুক্তভোগী বাদল চৌধিদার বলেন, ‘বারবার নদীভাঙনে আমাদের সহায়-সম্মল বলতে কিছুই নেই। বাধ্য হয়ে রাস্তার ওপর বসবাস করতে হচ্ছে।’ দ্রুত তাদের পূর্নবাসনের জন্য প্রশাসনের কাছে দাবি জানান তিনি। আঙ্গারিয়া ইউনিয়নের ৩ নম্বর ওয়ার্ডের সাবেক স্যাহীন গাজী বলেন, পায়রা নদীর অব্যাহত ভাঙনে তার ওয়ার্ডটি বিলুপ্ত পথে। ভাঙন ঠেকাতে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেন তিনি। আঙ্গারিয়া ইউপি চেয়ারম্যান মো. জিল্লুর রহমান বলেন, বাহেচর গ্রামের অস্তিত্ব রক্ষা এবং ভাঙনে ক্ষতিগ্রস্ত মানুষের পাশে দাঁড়াতে প্রশাসনের কার্যকর ভূমিকা প্রয়োজন। তিনি দ্রুত ব্যবস্থা নেওয়ার আহ্বান জানান। দুমকী উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) আব্দুল্লাহ খায়রুল ইসলাম চৌধুরী বলেন, ভাঙনকবলিত এলাকা পরিদর্শন করে ক্ষতিগ্রস্ত পরিবারগুলোকে উপজেলা পরিষদের পক্ষ থেকে প্রাথমসহায়তা দেওয়া হবে। একই সঙ্গে ভাঙনরোধে পানি উন্নয়ন বোর্ডের সঙ্গে আলোচনা করে কার্যকর ব্যবস্থা নেওয়ার পদক্ষেপ নেওয়া হবে।

মিয়ানমারে পাচারের সময়

বাবুল (৪২), মো. আরিফ (২৫) ও জামসেদ (৩২)। তাদের বাড়ি ডোলার লালমেহন, নোয়াখালীর হাতিয়া এবং পটুয়াখালীর গলাচিপা এলাকায়। চোরাচালান রোধে বৃহস্পতিবার বিকেলে ডোলা ও লক্ষ্মীপুরের রামগতির সীমান্তবর্তী চর আব্দুল্লাহ সংলগ্ন মেঘনা নদীতে এ অভিযান চালায় কোস্ট গার্ড। শুক্রবার বিকেলে কোস্ট গার্ডের মিডিয়া কর্মকর্তা লেফটেন্যান্ট কমান্ডার সাক্ির আলম সূজন বিষয়টি নিশ্চিত করেন। সাক্ির আলম জানান, গোপন সংবাদের ভিত্তিতে বৃহস্পতিবার বিকেল ৪টার দিকে কোস্ট গার্ড ডোলা ও লক্ষ্মীপুরের রামগতির সীমান্তবর্তী চর আব্দুল্লাহ সংলগ্ন মেঘনা নদীতে একটি বিশেষ অভিযান পরিচালনা করা হয়। এ সময় সন্দেহজনক দুটি বোটে তদ্বাশি চালানো হয়। তদ্বাশিতে গুল্ক-কর ফাঁকি দিয়ে মিয়ানমারে পাচারের উদ্দেশ্যে বহন করা ৬৫০ বস্তা সিমেন্ট জন্দ করা হয়। এসব সিমেন্টের মোট ওজন ৩২ হাজার ৫০০ কেজি। এ সময় আটক করা হয় ৫ জনকে। কোস্ট গার্ডের মিডিয়া কর্মকর্তা লেফটেন্যান্ট কমান্ডার সাক্ির আলম সূজন জানান, জন্দ করা সিমেন্ট, বোট ও আটক ব্যক্তিদের বিরুদ্ধে পরবর্তী আইনানুগ ব্যবস্থা নেওয়ার কার্যক্রম প্রক্রিয়াবীন। চোরাচালান রোধে কোস্ট গার্ডের এ ধরনের অভিযান ভবিষ্যতেও অব্যাহত থাকবে।

বরিশালের ইভার প্রেমে চীনা যুবক

বৃহস্পতিবার আমার গায়ে হলুদ হয়েছে। শুক্রবার দুপুরে আমার নামাজ শেষে পারিবারিকভাবে বৌভাতের আয়োজন করা হয়েছে। ইভা নিজের অনুভূতি প্রকাশ করে জানানো, জিয়া গ্রাম খুব পছন্দ করেন। বাবা মায়ের দীর্ঘদিনের ইচ্ছে ছিল আমার বিয়েতে বড় অনুষ্ঠান করার। তাই গ্রামে এসে আয়োজন করেছি বিয়ের অনুষ্ঠান করা হয়েছে। জিয়া আমাকে অনেক ভালোবাসেন। স্বামী হিসেবে তার প্রতিও আমার যথেষ্ট শ্রদ্ধা ও ভালোবাসা রয়েছে। ওর ভাষা আমি অল্প বুঝি, আর বাকীটা আপসের মাধ্যমে কথা বলি। সে আমাদের পরিবারের সবার সঙ্গে খুব সুন্দর ব্যবহার করছে এবং আমাদের দেশীয় খাবার ও এলাকার পরিবেশ বেশ পছন্দ করেছে। অনুবাদ আগের মাধ্যমে জিয়াং জানান, ইউ চ্যাটিংয়ের সম্পর্কের সূত্র ধরে তিনি বাংলাদেশে এসেছেন এবং বিয়ে করেছেন। তিনি স্ত্রীকে চীনে নিয়ে যাবেন। কনের বাবা জাকির হাওলাদার বলেন, জামাই হিসেবে তাকে মেনে নিয়েছি আমরা। এক মাসেরও বেশি হয়েছে জিয়াং বাংলাদেশে এসেছে। আমার মেয়ের পাসপোর্ট বাংলাদেশে কমপ্লিট। কিছুদিন পরেই আমার মেয়ে ইভাকে নিয়ে সে চীনে ফিরে যাবেন। বাকেরগঞ্জ থানার অফিসার ইন্চার্জ ওসি আদিল হোসেন জানান, চীনা নাগরিক জিয়াং সম্পর্কে তারা অবগত নয়। তিনি বৈধ পাসপোর্ট ব্যবহার করে বাংলাদেশে এসেছেন কিনা এবং এ অঞ্চলের এক নারীকে বিয়ে করেছেন কিনা বিষয়টি তদন্ত করে দেখা হবে।

গুচ্ছ ভর্তি পরীক্ষার নেতৃত্বে

সভায় হুড়াভুড় করা হবে বলে তিনি জানান। সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, সর্বশেষ ২০২৫-২৬ শিক্ষাবর্ষে জিএসটি গুচ্ছ ভর্তি ব্যবস্থায় ২০টি পাবলিক বিশ্ববিদ্যালয় অংশ নেয়। এবারের তালিকায় নতুন কয়েকটি বিশ্ববিদ্যালয় যুক্ত হওয়ার সম্ভাবনা রয়েছে। এর মধ্যে পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, নওগাঁ বিশ্ববিদ্যালয়, লক্ষ্মীপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, নারায়ণগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, ঠাকুরগাঁও বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এবং সাতক্ষীরা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মতো নতুন প্রতিষ্ঠিত বিশ্ববিদ্যালয়গুলোকে

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহমেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক
মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় : সৌরভ লজ, গোড়াটান দাস রোড, বরিশাল-৮২০০। মোবাই: ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirkonkhola@gmail.com